নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
মঙ্গলবার
রেজিঃ নং-চ-৫১৩
১৩ অক্টোবর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৭০
২৮ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
৩০ রবিঃ সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

চাঁদপুরে মুরগির খামারে বিদ্যুৎস্পৃষ্টে যুবকের মৃত্যু

স্টাফ রিপোর্টার

মতলব উত্তরে নিজের মুরগির খামারে কাজ করতে গিয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে সাব্বির হোসেন (২২) নামে এক যুবকের মৃত্যু হয়েছে।
রবিবার সন্ধ্যা ৬টার দিকে এ ঘটনা ঘটে। নিহত সাব্বির উপজেলার আইঠাদি মাথাভাঙ্গা এলাকার বাসিন্দা নূরে আলম ভূঁইয়ার বড় ছেলে।
স্থানীয় সূত্রে জানা যায়, সন্ধ্যায় নিজের মুরগির খামারে কাজ করছিলেন সাব্বির। এ সময় অসাবধানতাবশত বিদ্যুৎস্পৃষ্ট হন তিনি। পরে গুরুতর আহত অবস্থায়

২-এর পাতায় দেখুন

চাঁদপুরে এলপিজি সংকট, বাড়তি দাম নেয়ার অভিযোগ

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে বিভিন্ন ব্যবসাপ্রতিষ্ঠান ও হার্ডওয়্যারের দোকানে হঠাৎ করেই এলপিজি সিলিন্ডার গ্যাসের সংকট দেখা দিয়েছে। কোথাও বাড়তি দামেও মিলছে না গ্যাস, আবার কোথাও সরকার নির্ধারিত দামের চেয়ে ২০০ থেকে ৩০০ টাকা বেশি নেওয়ার অভিযোগ উঠেছে। বিশেষ করে শহরের তুলনায় গ্রামাঞ্চলে প্রতি সিলিন্ডারে বেশি দাম নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন ভোক্তারা। এতে রান্নার জ্বালানি নিয়ে বিপাকে পড়েছেন সাধারণ মানুষ। সরকার নির্ধারিত ১২ কেজি ওজনের এলপিজি সিলিন্ডারের দাম ২৫২ টাকা বাড়িয়ে ১ হাজার ৮৩৭ টাকা নির্ধারণ করা হয়েছে। তবে চাঁদপুরের বাজারে নির্ধারিত দামের চেয়ে অনেক বেশি দামে বিক্রি হচ্ছে গ্যাস। শহরের বিভিন্ন দোকান ঘুরে ১০ থেকে ১৫টি সিলিন্ডার দেখা গেলেও ব্যবসায়ীরা সেগুলোতে গ্যাস নেই বলে দাবি করছেন। ফলে বাজারে প্রকৃতপক্ষে সংকট রয়েছে, নাকি কৃত্রিম সংকট দেখানো হচ্ছে এমন প্রশ্ন তুলেছেন ক্রেতারা। চাঁদপুর শহরের ছায়াবানী এলাকার বিসমিল্লাহ ট্রেডার্সের হাসান জানান, তাদের দোকানে শুধু পেট্রোম্যাক্স এলপিজি গ্যাস রয়েছে।

২-এর পাতায় দেখুন

পাঁচ ধাপের ইউপি নির্বাচন শুরু ২১ জানুয়ারি

দিগন্ত ডেস্ক

পাঁচ ধাপে এবারের ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচন করছে নির্বাচন কমিশন। প্রথম ধাপের ভোট হবে আগামী বছরের ২১ জানুয়ারি।
সোমবার রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে নির্বাচন কমিশনের বৈঠকে ইউপি নির্বাচনের সময়সূচি চূড়ান্ত করে কমিশন। পরে নির্বাচন কমিশনার আবুল ফজল মো. সানাউল্লাহ সাংবাদিকদের পাঁচ ধাপের ভোটের তারিখগুলো জানান।
ইসির সিদ্ধান্ত অনুযায়ী, দ্বিতীয় ধাপের ভোট হবে ৪ ফেব্রুয়ারি,

২-এর পাতায় দেখুন

মেঘনায় জেলেদের ধাওয়া করতে গিয়ে ডুবল নৌ-পুলিশের স্পিডবোট

স্টাফ রিপোর্টার

মতলব উত্তরে জেলেদের ধাওয়া করতে গিয়ে মেঘনা নদীতে ডুবে গেছে নৌ-পুলিশের একটি স্পিডবোট। এ ঘটনায় কেউ হতাহত না হলেও পুলিশের একটি শটগান নিখোঁজ হয়েছে।
সোমবার (১২ অক্টোবর) সকালে ষাটনলের সটাকি লঞ্চঘাট থেকে প্রায় ৫০০ মিটার দূরে এ ঘটনা ঘটে।
চাঁদপুর নৌ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আজমগীর হোসাইন বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, অভিযানের সময় স্পিডবোটটি ডুবে যায়। এ সময় পুলিশের একটি শটগান নদীতে পড়ে নিখোঁজ হয়।
চাঁদপুর অঞ্চলের নৌ-পুলিশ সুপার সৈয়দ মুশফিকুর রহমান জানান, ডুবে যাওয়া স্পিডবোটটি নদী থেকে উদ্ধার করা

২-এর পাতায় দেখুন

চাঁদপুরের ১১ মাদ্রাসা শিক্ষককে পরীক্ষা সংক্রান্ত দায়িত্ব থেকে অব্যাহতি

স্টাফ রিপোর্টার

২০২৬ সালের দাখিল পরীক্ষায় চরম দায়িত্বহীনতার অভিযোগে সারাদেশে ১৪০ জন শিক্ষক-কর্মকর্তাকে পরীক্ষা সংক্রান্ত সকল দায়িত্ব থেকে এক বছরের জন্য অব্যাহতি দিয়েছে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড। তাদের মধ্যে চাঁদপুরের ১১ জন রয়েছেন। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মোঃ ফারুক আহম্মেদ স্বাক্ষরিত এক চিঠি থেকে এ তথ্য জানা গেছে।
সেপ্টেম্বরের মাঝামাঝি সময়ে পাঠানো চিঠিতে বলা হয়, ২০২৬ সালের দাখিল পরীক্ষায় বোর্ডের আওতাধীন সংযুক্ত তালিকার কেন্দ্রসমূহ হতে উত্তরপত্রের ঙগজ এর এঁড়ঢ় চড়ৎঃরড়হ অবিচ্ছিন্ন অবস্থায় বোর্ডে প্রেরণ করা হয়। যা উত্তরপত্রের গোপনীয়তা লঙ্ঘন এবং পরীক্ষা পরিচালনা নীতিমালার পরিপন্থী। কক্ষ প্রত্যবেক্ষক, পরীক্ষা

২-এর পাতায় দেখুন

সমবায় অধিদপ্তরের মহাপরিচালক মো. সেলিম ফকিরকে ফুলেল শুভেচ্ছা জানান চান্দ্রা শিক্ষিত বেকার সমবায় সমিতির সভাপতি মো. জসিম উদ্দিন শেখসহ ব্যবস্থাপনা কমিটির সদস্যরা।

চান্দ্রা শিক্ষিত বেকার সমবায় সমিতি পরিদর্শন

স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে সমবায় খাতের আমূল পরিবর্তন সম্ভব

------সমবায় অধিদপ্তরের মহাপরিচালক মো. সেলিম ফকির

স্টাফ রিপোর্টার

"আমি অত্যন্ত আনন্দিত যে, বাংলাদেশের মধ্যে আপনাদের সমবায় সমিতির কার্যক্রম শতভাগ স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে পরিচালিত হচ্ছে। এ জন্য সমিতির সভাপতি জসিম উদ্দিন শেখসহ ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানাই। দেশের বিভিন্ন স্থানে সমবায় সমিতি

২-এর পাতায় দেখুন

চাঁদপুরে ফ্যামিলি কার্ডের তথ্য সংগ্রহ কার্যক্রম নিয়ে সংবাদ সম্মেলন

সকলের সহযোগিতায় চাঁদপুরেও এগিয়ে যাবে ফ্যামিলি কার্ডের কার্যক্রম

-----জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান

নিজস্ব প্রতিবেদক

দেশব্যাপী ফ্যামিলি কার্ড কর্মসূচির আওতায় পরিবারের তথ্য সংগ্রহ শুরু করেছে সরকার। আগামী ডিসেম্বরের মধ্যে আনুমানিক ৪ কোটি ৪৫ লাখ পরিবারের তথ্য সংগ্রহ করে ডেটাবেজে অন্তর্ভুক্ত করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।
সোমবার (১২ অক্টোবর) তথ্য অধিদপ্তরের (পিআইডি) সম্মেলন কক্ষে

চাঁদপুরে ফ্যামিলি কার্ডের তথ্য সংগ্রহ কার্যক্রম নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

দেশব্যাপী ফ্যামিলি কার্ডের তথ্য সংগ্রহ কার্যক্রম নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান সমাজকল্যাণ মন্ত্রী অধ্যাপক ডা. এ জেড এম জাহিদ হোসেন।
বেলা ২টায় ওই সংবাদ সম্মেলনের অংশ হিসেবে চাঁদপুর জেলা প্রশাসক কার্যালয়ে সম্মেলন কক্ষে অবহিতকরণ প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা কার্যালয় এই অনুষ্ঠানের আয়োজন করে।
কনফারেন্সে সমাজকল্যাণ মন্ত্রীর বক্তব্য শেষে ফ্যামিলি কার্ড এর চাঁদপুর জেলার কার্যক্রম সম্পর্কে বক্তব্য রাখেন

২-এর পাতায় দেখুন

সারা দেশে দুই দিন এলপিজি সিলিন্ডার বিক্রি বন্ধের ঘোষণা

দিগন্ত ডেস্ক

'হয়রানির' প্রতিবাদে সারাদেশে দুই দিন সব গ্যাসের দোকান বন্ধ রাখার ঘোষণা দিয়েছেন এলপি গ্যাস ব্যবসায়ীরা। আগামী বৃহস্পতি ও শুক্রবার (১৫ ও ১৬ অক্টোবর) দেশব্যাপী সিলিন্ডার বিক্রি বন্ধের সিদ্ধান্ত নিয়েছেন তারা।
সোমবার রাজধানীর জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ ঘোষণা দেন এলপি গ্যাস ব্যবসায়ী সমবায় সমিতি লিমিটেডের সভাপতি সেলিম খান। সমিতির সিদ্ধান্ত অনুযায়ী, টানা দুই দিন সারা দেশে এলপি গ্যাসের দোকান বন্ধ থাকবে।
সেলিম খান বলেন, গ্যাস সিলিন্ডারের দাম ও সাপ্লাই নিয়ে বারবার হয়রানির শিকার হচ্ছেন ব্যবসায়ীরা। এসবের প্রতিবাদে আগামী বৃহস্পতি ও শুক্রবার সব দোকান বন্ধ থাকবে। এলপি গ্যাস ব্যবসায়ীদের যেসব দাবি দাওয়া আছে, সেগুলো মানা না হলে আরও কঠোর আন্দোলনের হুঁশিয়ারিও দেন তিনি। সংবাদ সম্মেলনে সমিতির

২-এর পাতায় দেখুন

পিকআপসহ জব্দ করা ভিজিএফের চাল ও আটক ইউপি প্রশাসনিক কর্মকর্তা গোলাম মোস্তফা শামীম।

চাঁদপুরে জেলেদের চাল পাচারের ঘটনায় তদন্ত কমিটি, ইউপি প্রশাসনিক কর্মকর্তা আটক

স্টাফ রিপোর্টার

মা ইলিশ রক্ষায় নদীতে নিষেধাজ্ঞার সময় চাঁদপুরে জেলেদের জন্য বরাদ্দকৃত প্রায় ৫ টন চাল কালোবাজারে বিক্রির উদ্দেশ্যে পাচারের সময় চালবোঝাই পিকআপসহ জব্দ করেছে সদর উপজেলা প্রশাসন। এ ঘটনার সাথে জড়িত থাকার অভিযোগে ঘটনার দিন রাতেই সদর উপজেলার লক্ষ্মীপুর মডেল ইউনিয়নের প্রশাসনিক কর্মকর্তা গোলাম মোস্তফা শামীমকে সদর মডেল থানার পুলিশ আটক করেছে। একই সঙ্গে বিষয়টি খতিয়ে দেখতে তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।
রোববার (১১ অক্টোবর) সন্ধ্যার পর থেকে রাত সাড়ে ৭টা পর্যন্ত গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে এসব চাল জব্দ করা হয়।
অভিযোগ উঠেছে, চালগুলো নির্ধারিত স্থানে বিতরণ না করে গোপনে এক ব্যবসায়ীর কাছে বিক্রি করে দেওয়া হয়। পরবর্তীতে ওই চাল লাকসামে বিক্রির উদ্দেশ্যে মিনি পিকআপযোগে

২-এর পাতায় দেখুন

চাঁদপুরে শারমিন ফিলিং স্টেশনসহ ২ প্রতিষ্ঠানকে জরিমানা

শহর প্রতিনিধি

বিএসটিআই লাইসেন্স ব্যতিরেকে পণ্য উৎপাদন এবং পরিমাপে কম দেওয়ার অপরাধে চাঁদপুর সদরে দুই প্রতিষ্ঠানকে ৯০ হাজার টাকা জরিমানা করেছে জেলা প্রশাসন ও বিএসটিআই-এর যৌথ মোবাইল কোর্ট।
সোমবার (১২ অক্টোবর ২০২৬) চাঁদপুর সদর উপজেলায় জেলা প্রশাসন, চাঁদপুর এবং বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা-এর যৌথ উদ্যোগে এই অভিযান পরিচালনা করা হয়। অভিযানসূত্রে জানা যায়, বিএসটিআই স্ট্যান্ডার্ড মার্ক লাইসেন্সের জন্য কোনো

২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে মাদকবিরোধী অভিযানে ইয়াবাসহ শাওন গ্রেপ্তার

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে ১৫ পিস ইয়াবা ট্যাবলেটসহ মো. জহিরুল ইসলাম শাওন (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ।
পুলিশ সূত্রে জানা যায়, সোমবার

২-এর পাতায় দেখুন

ফরিদগঞ্জে আলেম-ওলামাদের সঙ্গে মতবিনিময় সভায় সভাপতির বক্তব্য রাখছেন ইউএনও মো. মেহেদী হাসান মানিক।

ফরিদগঞ্জে দুর্গোৎসবে সম্প্রীতি রক্ষায় আলেম-ওলামাদের সঙ্গে প্রশাসনের মতবিনিময়

ফরিদগঞ্জ প্রতিনিধি

ফরিদগঞ্জে আসন্ন শারদীয় দুর্গোৎসব অত্যন্ত শান্তিপূর্ণ, নিরাপদ ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে স্থানীয় আলেম-ওলামা, ধর্মীয় নেতা ও সচেতন নাগরিকদের নিয়ে এক বিশেষ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
সোমবার (১২ অক্টোবর) দুপুরে উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদ মিলনায়তনে আয়োজিত এই সভায়

২-এর পাতায় দেখুন

চাঁদপুরে ইয়াবা সেবন করে মাতলামি, একজনের কারাদণ্ড

শহর প্রতিনিধি

চাঁদপুরে ইয়াবা সেবন করে মাতলামি করার অভিযোগে মহসিন ভূঁইয়া (৪৮) নামে এক ব্যক্তিকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। একই সঙ্গে তাঁকে ৪ হাজার ২০০ টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে।
সোমবার (১২ অক্টোবর) বিকেলে চাঁদপুর শহরের যমুনা রোডের ক্লাবের সামনে অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করা হয়। পরে ভ্রাম্যমাণ আদালত এ দণ্ডাদেশ দেন।
দণ্ডপ্রাপ্ত মহসিন ভূঁইয়া চাঁদপুর সদর উপজেলার মধ্য তরপুরচণ্ডী এলাকার বাসিন্দা। তাঁর পিতার নাম মৃত আলেক ভূঁইয়া এবং মাতার নাম মৃত হাসিনা বেগম।
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চাঁদপুর জেলা কার্যালয় ও চাঁদপুর জেলা প্রশাসনের পরিচালিত অভিযানে ইয়াবা সেবন করে মাতলামি অবস্থায় তাঁকে আটক করা হয়। এ সময় ইয়াবা সেবনের সরঞ্জামাদিও পাওয়া যায়।
অভিযানে নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে দায়িত্ব পালন করেন সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মো. মাসুদ রানা। তিনি ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে মহসিন ভূঁইয়াকে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ৪ হাজার ২০০

২-এর পাতায় দেখুন

জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে চাঁদপুর জেলা যুবদলের প্রস্তুতি সভায় সভাপতির বক্তব্য রাখছেন জেলা যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিক।

৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে চাঁদপুরে যুবদলের প্রস্তুতি সভা

স্টাফ রিপোর্টার

জাতীয়তাবাদী যুবদলের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ঘোষিত কর্মসূচি সফল করার লক্ষ্যে চাঁদপুর জেলা যুবদলের উদ্যোগে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১২ অক্টোবর) বিকেলে চাঁদপুর জেলা বিএনপির কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন চাঁদপুর জেলা যুবদলের সভাপতি মানিকুর রহমান মানিক।
তিনি তার বক্তব্যে বলেন, যুবদল জাতীয়তাবাদী শক্তির অন্যতম গুরুত্বপূর্ণ সংগঠন। দেশের গণতন্ত্র পুনরুদ্ধার, মানুষের ভোটাধিকার প্রতিষ্ঠা এবং জনগণের অধিকার আদায়ের আন্দোলনে যুবদলের নেতাকর্মীদের ঐতিহাসিক ভূমিকা রয়েছে। সংগঠনের ৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী সফল করতে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। দলের আদর্শ ও শৃঙ্খলা বজায় রেখে তৃণমূল পর্যায়ে সংগঠনকে আরও শক্তিশালী করতে হবে।
তিনি আরও বলেন, প্রতিষ্ঠাবার্ষিকীর কর্মসূচিতে জেলা থেকে শুরু করে উপজেলা, পৌর ও ইউনিয়ন পর্যায়ের নেতাকর্মীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। এজন্য সবাইকে নিজ নিজ অবস্থান থেকে দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানান তিনি।
জেলা যুবদলের সাধারণ সম্পাদক অ্যাড. নুরুল আমিন খান আকাশের পরিচালনায় সভায় উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক ফয়সাল আহমেদ বাহার,

২-এর পাতায় দেখুন

মাদক সেবনের দায়ে শাহরাস্তিতে যুবকের কারাদণ্ড

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তিতে মাদক সেবনের দায়ে মো. ইউছুফ (৩২) নামে ১ যুবককে ২ মাসের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।
রোববার রাত ১১টার দিকে উপজেলার টামটা দক্ষিণ ইউনিয়নের ওয়ারুক এলাকায় অভিযান চালিয়ে এই দণ্ডাদেশ দেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট

২-এর পাতায় দেখুন

কচুয়া বিপুল পরিমাণ ইয়াবাসহ মাদক ব্যবসায়ী পারুল গ্রেপ্তার

কচুয়া প্রতিনিধি

কচুয়ায় ৪৭০পিস ইয়াবাসহ মহিলা মাদক ব্যবসায়ী পারুল বেগমকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ।
রোববার (১১ অক্টোবর) রাতে গোপন সংবাদের ভিত্তিতে কচুয়া থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ আজিজুল ইসলামের নির্দেশে এসআই নাজমুল হোসেন সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে ৪৭০ পিস ইয়াবাসহ মাদক ব্যবসায়ী

২-এর পাতায় দেখুন

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

"নিশ্চয়ই তোমাদের জন্য আল্লাহর রাসুল (সাঃ) এর মধ্যে রয়েছে উত্তম আদর্শ" (আল-কুরআন)
সীরাত পাঠ প্রতিযোগিতা ২০২৬
• বই : সীরাতে ইবনে হিশাম।
• যে কোন পর্যায়ের পুরুষ ও মহিলা বোনদের জন্য উন্মুক্ত।
• পরীক্ষার ধরণ: MCQ+ এক কথায় উত্তর।
পুরস্কার
১ম ১০০০০৳ + গিফট বক্স
২য় ৮০০০৳ + গিফট বক্স
৩য় ৫০০০৳ + গিফট বক্স
সাধারণ ১৭ টি ২০০০৳ + গিফট বক্স
পরীক্ষা : ১৭ অক্টোবর
শনিবার, সকাল ১০ টায়।
পরীক্ষার স্থান: আল-আমিন একাডেমি স্কুল এন্ড কলেজ প্রধান শাখা।
বাংলাদেশ জামায়াতে ইসলামী, চাঁদপুর শহর।

বিসমিল্লাহির রাহমানির রাহিম
হিলশা ইলেকট্রনিক্স
WALTON KONKA GREE কোম্পানির সকল মালামাল পাইকারি ও খুচরা বিক্রয় করা হয়।
01623-392568, 01818-734125, 01633-153049
শো-রুম ১: ওয়্যারলেছ বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর। শো-রুম ২: চৌরাস্তা বাজার, বাগাদী, চাঁদপুর সদর, চাঁদপুর।

বিশ্ববিদ্যালয় ভর্তির
সবচেয়ে সেরা ভর্তি কোচিং
ইউনিএইড চাঁদপুর
ভর্তি চলছে
৮,000 টাকা ছাড়ে!
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা।
বিগত ৭ বছরে ইউনিএইড চাঁদপুরে কোচিং করে
১৫১ জন ঢাকা বিশ্ববিদ্যালয়ে সহ
৫৪০ এর অধিক বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে চান্স।
বিস্তারিত জানতে : Uniaid Chandpur এর ফেসবুক | 01958020808 Whatsapp এ যোগাযোগ করুন।
ইউনিএইড চাঁদপুর
ছায়াবানী মোড় থেকে ২৫০ গজ দক্ষিণে প্রিমিয়ার হাসপাতালের বিপরীতে।

SE মোঃ সালাউদ্দিন (জসিম)
প্রোপ্রাইটর
মেসার্স সালাউদ্দিন এন্টারপ্রাইজ
সকল প্রকার সেনিটারী, ইলেকট্রিক, হার্ডওয়্যার মালামাল খুচরা ও পাইকারী বিক্রয় করা হয়।
টেকনো হান্নান কমপ্লেক্সের বিপরীত পাশে, হাজী মহসীন রোড, চাঁদপুর।
মোবাইল : ০১৬৪৮০১৩২৫৬, ০১৭৩০৭৪০৭৭৮

দৈনিক চাঁদপুর দিগন্ত

The Daily Chandpur Diganta — সত্য প্রকাশে অবিচল

মঙ্গলবার ১৩ অক্টোবর ২০২৬, ২৮ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ, ৩০ রবিঃ সানি ১৪৪৮ হিজরী

EMC English & Maths Care
আপনার সন্তানকে একাডেমিক ও ক্যারিয়ারে এগিয়ে রাখবে
Spoken English
Kids Spoken & Phonetics:
★ Kids Spoken Level 01: KG to Class Two
★ Kids Spoken Level 02: Class Two to Five
★ Spoken English: Class Six to Nine
★ Professional Spoken
★ One to one Communicative English
★ Academic English Writing With Grammar
৫৯, হাজী মহসিন রোড, ঢাকা কনফেকশনারির বিপরীত পার্শ্বে, স্পোর্টস গ্যালারির সাথেই নিচতলায়, চাঁদপুর।
01974-924300

এইচএসসির ফলাফল আগামী ২৫ থেকে ২৯ অক্টোবরের মধ্যে

দিগন্ত ডেস্ক

চলতি বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষার ফলাফল ২৫ থেকে ২৯ অক্টোবরের মধ্যে প্রকাশ করা হতে পারে। এ সময়ের মধ্যে যেকোনো একদিন ফল প্রকাশের সম্ভাব্য তারিখ নির্ধারণে শিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব দেয়া হয়েছে।

সোমবার (১২ অক্টোবর) আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আক্তারুজ্জামান এ তথ্য জানিয়েছেন।

এবার ১১টি শিক্ষা বোর্ডের অধীনে মোট ১২ লাখ ৭০ হাজার ৫৮৩ জন শিক্ষার্থী এইচএসসি ও সমমান

● ৩-এর পাতায় দেখুন

চাঁদপুরে জাতীয় কন্যাশিশু দিবস উদযাপিত, র‍্যালি ও পুরস্কার বিতরণ

শহর প্রতিনিধি

"শিশু বিয়ে আর নয়, কন্যা করবে বিশ্বজয়"- এই প্রতিপাদ্যকে সামনে রেখে চাঁদপুরে জাঁকঝমকপূর্ণ আয়োজনে জাতীয় কন্যাশিশু দিবস ২০২৬ উদযাপিত হয়েছে। এ উপলক্ষে বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা ও বিভিন্ন প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়। জেলা প্রশাসন ও চাঁদপুর জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের যৌথ উদ্যোগে সোমবার (১২ অক্টোবর, ২০২৬) সকালে চাঁদপুর ক্লাব মিলনায়তনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান। বক্তব্যে তিনি বলেন, "কন্যাশিশুরা পরিবার, সমাজ ও দেশের গুরুত্বপূর্ণ সম্পদ। ● ৩-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

হাজীগঞ্জ প্রতিনিধি

আসন্ন শারদীয় দুর্গাপূজা সুষ্ঠু, শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে হাজীগঞ্জে

● ৩-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে দুর্গাপূজা উপলক্ষে প্রস্তুতিমূলক সভায় বক্তব্য রাখছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইবনে আল জায়েদ হোসেন।

হাজীগঞ্জে শতাধিক ইয়াবাসহ গ্রেপ্তার রাব্বী ও মেহেরাজ

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে ১০০ পিস ইয়াবা ট্যাবলেটসহ দুই যুবককে গ্রেপ্তার করেছে থানা-পুলিশ। রোববার (১১ অক্টোবর) তাঁদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে। একই দিন তাঁদের আদালতে সোপর্দ করার কথা

● ৩-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে ফ্যামিলি কার্ড কর্মসূচির পরিবারভিত্তিক তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু

হাজীগঞ্জ প্রতিনিধি

ফ্যামিলি কার্ড কর্মসূচির আওতায় পরিবারভিত্তিক তথ্য সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে। সোমবার (১২ অক্টোবর) দুপুরে জাতীয় পর্যায়ে প্রেস কনফারেন্সের মাধ্যমে দেশব্যাপী একযোগে তথ্য সংগ্রহ কার্যক্রমের উদ্বোধন করা হয়। একই সময়ে টেলিকনফারেন্সে সংযুক্ত থেকে দেশব্যাপী কার্যক্রমের অংশ হিসেবে হাজীগঞ্জ উপজেলায় এ কার্যক্রম শুরু হয়। উপজেলা প্রশাসন ও সমাজসেবা কার্যালয়ের আয়োজিত অনুষ্ঠানে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. ইবনে আল জায়েদ হোসেন ● ৩-এর পাতায় দেখুন

চান্দ্রা শিক্ষিত বেকার যুব সমবায় সমিতির বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন

স্টাফ রিপোর্টার

ফরিদগঞ্জ উপজেলার চান্দ্রা বাজারে চান্দ্রা শিক্ষিত বেকার যুব বহুমুখী সমবায় সমিতি লিমিটেডের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। ১২ অক্টোবর, সোমবার বিকেলে প্রধান অতিথি হিসেবে কর্মসূচির উদ্বোধন

চান্দ্রা শিক্ষিত বেকার যুব বহুমুখী সমবায় সমিতি লিমিটেডের উদ্যোগে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক এবং অতিরিক্ত সচিব মো. সেলিম ফকির, এনডিসি।

করেন সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক এবং অতিরিক্ত সচিব মো. সেলিম ফকির, এনডিসি। এ সময় তিনি সমিতির সদস্যদের মধ্যে বিভিন্ন প্রজাতির বৃক্ষের চারা বিতরণ করেন এবং আনুষ্ঠানিকভাবে দুটি ফলজ গাছের চারা রোপণ করেন। কর্মসূচিতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমবায় অধিদপ্তরের যুগ্ম-নিবন্ধক মো. কামরুজ্জামান, চট্টগ্রাম বিভাগীয় যুগ্ম-নিবন্ধক মো. দুলাল মিয়া এবং চাঁদপুর জেলা সমবায় কর্মকর্তা মো. শাহাবুদ্দিন। এ ছাড়া চান্দ্রা শিক্ষিত বেকার যুব বহুমুখী সমবায় সমিতি লিমিটেডের সভাপতি মো. জসিম উদ্দিন ● ৩-এর পাতায় দেখুন

হাইমচরে জাতীয় কন্যাশিশু দিবস উদযাপিত।

হাইমচরে কন্যা শিশু দিবস উদযাপন

হাইমচর প্রতিনিধি

হাইমচরে জাতীয় কন্যাশিশু দিবস-২০২৬ উপলক্ষে র‍্যালি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে। সোমবার (১২ অক্টোবর) সকালে উপজেলা প্রশাসন ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের উদ্যোগে এসব কর্মসূচির আয়োজন করা হয়। ● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে ফ্যামিলি কার্ডের তথ্য সংগ্রহ বিষয়ক প্রেস কনফারেন্স

শামীম মিয়াজী

দেশব্যাপী ফ্যামিলি কার্ড কার্যক্রমের অংশ হিসেবে মতলব উত্তরে তথ্য সংগ্রহ বিষয়ক অবহিতকরণ প্রেস কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। সোমবার দুপুরে উপজেলা পরিষদের সভাকক্ষে প্রেস কনফারেন্সে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মাহমুদা কুলসুম মনি।

উপজেলা সমাজসেবা কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুনের উপস্থাপনায় আরো বক্তব্য রাখেন, উপজেলা

● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে ফ্যামিলি কার্ডের তথ্য সংগ্রহ বিষয়ক প্রেস কনফারেন্সে সভাপতিত্ব করছেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মাহমুদা কুলসুম মনি।

মতলব উত্তরে নবাগত ওসি মানস বড়ুয়ার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন জামায়াতে ইসলামী নেতৃবৃন্দ।

দুর্গাপূজা ঘিরে শাহরাস্তিতে প্রশাসনের প্রস্তুতিমূলক সভা

সাইফুদ্দীন

আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২৬ শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে উদ্যাপনের লক্ষ্যে শাহরাস্তিতে উপজেলা ● ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে নবাগত ওসির সঙ্গে জামায়াত নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাৎ

মতলব প্রতিনিধি

মতলব উত্তর থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) মানস

● ২-এর পাতায় দেখুন

দুর্গাপূজা ঘিরে শাহরাস্তিতে প্রশাসনের প্রস্তুতিমূলক সভা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডিমওয়ালা মাছ রক্ষা করুন
ইলিশ সম্পদ বৃদ্ধি করুন
মা ইলিশ রক্ষা অভিযান-২০২৬
০৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর ২০২৬ খ্রিষ্টাব্দ
(২৩ আশ্বিন হতে ১৩ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ) পর্যন্ত
মোট ২২ দিন প্রধান প্রজনন মৌসুমে ইলিশ ধরা বন্ধ রাখুন
এ সময় সারাদেশে ইলিশ মাছ আহরণ, পরিবহন, মজুদ, বাজারজাতকরণ ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ন নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ
আইন অমান্য করলে সর্বোচ্চ ০২ (দুই) বছর পর্যন্ত সশ্রম কারাদণ্ড অথবা সর্বোচ্চ ০৫ (পাঁচ) লক্ষ টাকা পর্যন্ত অর্থদন্ড অথবা উভয় দণ্ডে দণ্ডিত হবেন
এ নদী আমাদের
এ মাছ আমাদের
এই সম্পদ রক্ষা করার
দায়িত্বও আমাদের
ইলিশ সম্পদ রক্ষার স্বার্থে সকলকে সহযোগিতার জন্য অনুরোধ করা হলো
অনুরোধক্রমে
আহমেদ জিয়াউর রহমান
জেলা প্রশাসক ও সভাপতি
ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত জেলা টাস্কফোর্স কমিটি, চাঁদপুর

খন্ডকালীন শিক্ষক আবশ্যক

ফরিদগঞ্জ সরকারি ডিগ্রি কলেজ, ফরিদগঞ্জ, চাঁদপুর এর জন্য

নিম্নোক্ত বিষয়সমুহে খন্ডকালীন শিক্ষক নিয়োগ দেওয়া হবে।

- বাংলা (২ জন)
- ইংরেজি (২ জন)
- আইসিটি (২ জন)
- ইসলামিক স্টাডিজ (২ জন)
- ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২ জন)
- রাষ্ট্রবিজ্ঞান (৩ জন)
- ভুগোল (১ জন)
- হিসাববিজ্ঞান (১ জন)
- ব্যবস্থাপনা (২ জন)
- অর্থনীতি (২ জন)
- পদার্থ বিজ্ঞান (২ জন)
- গণিত (২ জন)
- প্রাণি বিজ্ঞান (২ জন)
- উদ্ভিদ বিজ্ঞান (২ জন)

আগ্রহী প্রার্থীদেরকে আগামী **১৯/১০/২০২৬ ইং** তারিখ **সোমবার সকাল ১০:০০ টায়** দুই কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ও প্রয়োজনীয় কাগজপত্রসহ অধ্যক্ষের কার্যালয়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা গেলো।

অধ্যক্ষ
ফরিদগঞ্জ সরকারি ডিগ্রি কলেজ
ফরিদগঞ্জ, চাঁদপুর।

প্রেস ক্লাব চাঁদপুর
চাঁদপুর প্রেস ক্লাব
CHANDPUR PRESS CLUB
কবি নজরুল সড়ক, চাঁদপুর-৩৬০০।

বিজ্ঞপ্তি

চাঁদপুর প্রেস ক্লাব সাংবাদিকতা পুরস্কার-২০২৬

চাঁদপুর প্রেস ক্লাবের উদ্যোগে সাংবাদিকতার মানোন্নয়ন, বস্তুনিষ্ঠ সংবাদচর্চা এবং অনুসন্ধানী সাংবাদিকতাকে উৎসাহিত করার লক্ষ্যে 'চাঁদপুর প্রেস ক্লাব সাংবাদিকতা পুরস্কার-২০২৬' প্রদানের উদ্যোগ নেওয়া হয়েছে।

এ উপলক্ষে চাঁদপুর জেলা সদর ও বিভিন্ন উপজেলায় কর্মরত সাংবাদিকদের কাছ থেকে ২০২৬ সালে প্রকাশিত বা প্রচারিত প্রতিবেদন আহ্বান করা হচ্ছে। জাতীয় ও স্থানীয় পত্রিকা এবং টেলিভিশনে প্রকাশিত বা প্রচারিত মানসম্মত, তথ্যনির্ভর ও জনস্বার্থসংশ্লিষ্ট প্রতিবেদন এ পুরস্কারের জন্য বিবেচিত হবে।

পুরস্কারের সম্ভাব্য ক্যাটাগরি
১. স্থানীয় পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন
২. জাতীয় পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন
৩. টেলিভিশনে প্রচারিত প্রতিবেদন
৪. টেলিভিশনে প্রচারিত বিশেষ প্রতিবেদন
৫. স্থানীয় পত্রিকায় প্রকাশিত ধারাবাহিক প্রতিবেদন
৬. অনুসন্ধানী প্রতিবেদন

প্রতিবেদন জমাদানের নিয়মাবলি
১. প্রতিবেদনটি ২০২৬ সালে প্রকাশিত বা প্রচারিত হতে হবে।
২. জমা দেওয়া প্রতিবেদনের সঙ্গে প্রকাশের তারিখ, পত্রিকার নাম বা টেলিভিশন চ্যানেলের নাম এবং প্রকাশিত বা প্রচারিত প্রতিবেদনের প্রমাণ সংযুক্ত করতে হবে।
৩. সংবাদপত্রে প্রকাশিত প্রতিবেদনের ক্ষেত্রে মূল পত্রিকার কপি বা নির্ভরযোগ্য ডিজিটাল লিংক জমা দিতে হবে। টেলিভিশন প্রতিবেদনের ক্ষেত্রে ভিডিও লিংক বা সম্প্রচারের প্রমাণ দিতে হবে।
৪. প্রতিবেদনে তথ্যের নির্ভুলতা, বস্তুনিষ্ঠতা, জনস্বার্থ, অনুসন্ধানী দক্ষতা ও সাংবাদিকতার নীতিমালা অনুসরণের বিষয়গুলো বিবেচনা করা হবে।
৫. প্রতিযোগীকে নিজের নাম, পদবি, কর্মরত গণমাধ্যমের নাম, মোবাইল নম্বর ও যোগাযোগের ঠিকানা উল্লেখ করতে হবে।
৬. নির্ধারিত জুরি বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী বিজয়ীদের নির্বাচন করা হবে।

১ জানুয়ারী ২০২৬ খ্রি. থেকে ১৫ অক্টোবর ২০২৬ খ্রি. পর্যন্ত প্রকাশিত প্রতিবেদন
১৫ অক্টোবর ২০২৬ বৃহস্পতিবার এর মধ্যে জমা দিতে হবে
জমা দেওয়ার ঠিকানা
সভাপতি/সাধারণ সম্পাদক
চাঁদপুর প্রেস ক্লাব
কবি নজরুল সড়ক, চাঁদপুর।
বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ
01711-013444
01712-208871
সাংবাদিকতার উৎকর্ষ, সত্যনিষ্ঠ সংবাদচর্চা ও জনস্বার্থ রক্ষায় সাংবাদিকদের সৃজনশীল এবং দায়িত্বশীল ভূমিকা উৎসাহিত করাই এ উদ্যোগের মূল লক্ষ্য।
নিবেদক
সোহেল রুশদী, সভাপতি, চাঁদপুর প্রেস ক্লাব।
এম এ লতিফ, সাধারণ সম্পাদক, চাঁদপুর প্রেস ক্লাব।

কচুয়ায় শারদীয় দুর্গাপূজা উদযাপনে প্রস্তুতিমূলক সভায় বক্তব্য রাখছেন উপজেলা নির্বাহী কর্মকর্তা অমিত রায়।

কচুয়ায় শারদীয় দুর্গাপূজা উদযাপনে প্রস্তুতিমূলক সভা

নিজস্ব প্রতিনিধি

কচুয়ায় শারদীয় দুর্গাপূজা শান্তিপূর্ণ, নিরাপদ ও উৎসবমুখর পরিবেশে উদযাপনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় উপজেলার ৩৯টি দুর্গাপূজা উদযাপন কমিটির নেতৃবৃন্দের অংশগ্রহণে সার্বিক

● ২-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে বিনামূল্যে ঠোঁট-তালুকাটার অস্ত্রোপচার আজ

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তির উয়ারুক বাজারে অবস্থিত মেডিল্যাব হাসপাতাল অ্যান্ড ট্রমা সেন্টারে জন্মগত ঠোঁটকাটা ও তালুকাটা রোগীদের বিনামূল্যে চিকিৎসা ও অস্ত্রোপচার কর্মসূচির প্রথম সেশন শুরু হচ্ছে। মঙ্গলবার (১৩ অক্টোবর) সকাল ১০টা থেকে শুরু হয়ে মোট ২০ জন রোগীর অস্ত্রোপচার করা হবে। আয়োজিত এ কর্মসূচির সার্বিক ব্যবস্থাপনায় রয়েছেন হাসপাতালটির চেয়ারম্যান ডা.

● ২-এর পাতায় দেখুন

প্রতি শুক্রবার বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাঃ নুসরাত জাহান (রুম্পা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস্)
ডিজিও, এমসিপিএস (গাইনী এন্ড অবস্)
সিসিডি (বারডেম), বিএমডিসি রেজি নং : এ-৬২৪৮৩
গাইনী বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
গাইনী, প্রসূতি, স্ত্রীরোগ, বন্ধ্যাত্ব ও নিঃসন্তান দম্পতির বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

ডাঃ মোঃ রাশেদুল হাসান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এমসিপিএস (মেডিসিন), এমআরসিপি (ইউকে)
এমডি (গ্যাস্ট্রোএন্টারোলজী)
স্যার সলিমুল্লাহ্ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
BMDC Reg No : A-71474
মেডিসিন, পরিপাকতন্ত্র ও লিভার বিশেষজ্ঞ
রোগী দেখার সময় ঃ শুক্রবার সকাল ৯ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ সাইফুল ইসলাম খাঁন
এমবিবিএস (ঢাকা) বিসিএস (স্বাস্থ্য)
এমএস (অর্থোপেডিক্স)
জাতীয় অর্থোপেডিক্স হাসপাতাল ও পুনর্বাসন প্রতিষ্ঠান (নিটোর)
পঙ্গু হাসপাতাল, ঢাকা (এক্স)
অর্থোপেডিক্স বিভাগ
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
বিএমডিসি রেজিঃ নং- এ ৪৮৬২৩
হাড় জোড়া, বিকলাঙ্গ, বাত ব্যাথা, ট্রমা, মেরুদন্ড, স্পাইন রোগ বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখার সময় : শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মিজানুর রহমান
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি)
আর.এম.ও (রেজিস্ট্রার)
নাক, কান, গলা বিভাগ
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল, ঢাকা
বিএমডিসি রেজি নং- এ-৫২৩২৫
নাক, কান, ও গলা রোগ বিশেষজ্ঞ এবং হেড-নেক সার্জন
রোগী দেখার সময় ঃ প্রতি শুক্রবার সকাল ১০টা - সন্ধ্যা ৬টা

সহকারী অধ্যাপক
ডাঃ এইচ এম হাসান ইমাম (সানি)
এমবিবিএস (সিইউ), এমএস (ইউরোলজি)
ইউরোলজি বিভাগ
সেন্ট্রাল মেডিকেল কলেজ ও হাসপাতাল, কুমিল্লা
BMDC Reg No : A-73684
কিডনী, প্রষ্টেট, মুত্রথলি, মুত্রনালী, পুরুষ প্রজননতন্ত্র রোগ বিশেষজ্ঞ ও সার্জন
বৃহস্পতি ও শুক্রবার সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।

ডাঃ সাদ্দাম হোসেন তালুকদার
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পিজিটি (রেসপেরটরি মেডিসিন)
জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।
এক্স মেডিকেল অফিসার, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
বিএমডিসি রেজি নং : এ- ৮২৯১৭
মেডিসিন, হৃদরোগ, বক্ষব্যাধি, ডায়াবেটিক, বাতজ্বর, এ্যাজমা, এলার্জি ও প্যারালাইসিস রোগের অভিজ্ঞ চিকিৎসক
প্রতি শুক্রবার সকাল ১০টা - রাত ৮টা

দি হিলশা মেডিকেল এন্ড ডায়াগনস্টিক সেন্টার
একটি মাল্টিকেয়ার হাসপাতাল
কুমিল্লা রোড, হাকিম প্লাজা সংলগ্ন উত্তর গেইট পশ্চিম পার্শ্ব, চাঁদপুর।
সিরিয়ালের জন্য : 01818-898356, 01711-621401

চাঁদপুর স্পেশালাইজড হসপিটাল (প্রাঃ) লিঃ
৪৪, ঢালী প্লাজা, স্টেডিয়াম রোড (আবুলের দোকান সংলগ্ন), চাঁদপুর।
01897-699100, 01768-860900, 01600-368609
বিশেষজ্ঞ ডাক্তারগণ — ২৪ ঘন্টা সার্ভিস

সহকারি অধ্যাপক ডা. মুহাম্মদ আসিফ ইকবাল
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (মেডিসিন)
এমএসিপি (আমেরিকা)
সহকারি অধ্যাপক (মেডিসিন)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
মেডিসিন, নিউরো মেডিসিন, হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, লিভার ও ডায়াবেটিস রোগ বিশেষজ্ঞ।
রোগী দেখেন: মঙ্গলবার, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, সকাল ১১টা-বিকাল ৩টা পর্যন্ত।

ডা. আয়েশা আফরোজ (লুনা)
এম.বি.বি.এস (ঢাকা), বি.সি.এস (স্বাস্থ্য)
এফসিপিএস (গাইনী এন্ড অবস)
বিএসএমএমইউ (প্রাক্তন পিজি হাসপাতাল)
সিএমইউ (আল্ট্রাসনোগ্রাফী)
কনসালটেন্ট (গাইনী এন্ড অবস)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
গাইনী, স্ত্রী, প্রসূতি, স্তন (ব্রেস্ট), নিঃসন্তান দম্পত্তি বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: রবিবার ও বৃহস্পতিবার দুপুর ২:৩০ টা - সন্ধ্যা ৭টা পর্যন্ত।

ডা. ওমর ফারুক (সবুজ)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এম.এস (ই.এন.টি) ঢাকা মেডিকেল কলেজ
কনসালটেন্ট: (ইএনটি)
নাক, কান, গলা বিশেষজ্ঞ ও সার্জন
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড-নেক সার্জন
রোগী দেখেন: প্রতি রবি ও বৃহস্পতিবার, দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত। শুক্রবার, বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডা. মোঃ জাকির হোসেন (মানিক)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
এফ.সি.পি.এস (সার্জারী)
এম.এস (ইউরোলজী)
কনসালটেন্ট
ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল
সার্টিফিকেট কোর্স অন ডায়াবেটলজি (বারডেম)
কিডনী, কিডনী নালী, মূত্রনালী, প্রোস্টেট, ব্রেস্ট, পাইলস, পুরুষ বন্ধ্যাত্ব ও যৌন দূর্বলতা, ইউরোলজী, এন্ডোলজী, ল্যাপারোস্কপিক বিশেষজ্ঞ ও সার্জন
রোগী দেখেন: প্রতি বুধবার, বিকাল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. মোঃ নাজমুল হাসান
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), এম.ডি (শিশু)
আইসিপিপিএন (শিশু পুষ্টি) সিঙ্গাপুর
NICU এবং PICU বিশেষজ্ঞ
আর.এম.ও
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
নবজাতক ও শিশু-কিশোর রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০ থেকে বিকাল ৫টা, রাত ৮টা থেকে রাত ১০টা (শুক্রবার বন্ধ)

ডা. নূর হোসাইন বান্না
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
ডি-অর্থো (নিটোর), এমএস (থিসিস)
জাতীয় অর্থোপেডিক হাসপাতাল এন্ড পুর্ণবাসন প্রতিষ্ঠান (পঙ্গু হাসপাতাল), ঢাকা।
হাড় জোড়া, হাড়-ভাঙ্গা, বাত ব্যাথা, পঙ্গুরোগ, এক্সিডেন্ট ও ট্রমা সার্জারী বিশেষজ্ঞ ও সার্জন।
রোগী দেখেন: প্রতি সোমবার, বিকাল ৪:৩০টা থেকে রাত ১০টা পর্যন্ত।

ডা. জান্নাতুল লুবা বিনতে ইসলাম (লিসা)
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য)
এমএস (সার্জারী)
সহকারী রেজিস্ট্রার (সার্জারী)
কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতাল, কুমিল্লা।
হার্নিয়া হাইড্রোসিল, এপেন্ডিসাইটিস, টিউমার স্তনের রোগ পাইলস, ফিস্টুলা, এনালফিসার সহ মলদ্বারের বিভিন্ন রোগের চিকিৎসক ও সার্জন
রোগী দেখেন: প্রতি শুক্রবার, সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত।

ডাঃ জি.এম. ইশতিয়াক মাহমুদ
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এম.এস (সার্জারী)
এমআরসিএস (সার্জারী), লন্ডন।
ডিপ্লোমা ইন ল্যাপারোস্কপিক সার্জারী
সহকারি রেজিষ্টার (সার্জারী বিভাগ)
২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর।
সার্জারী বিশেষজ্ঞ
রোগী দেখেন: প্রতিদিন, দুপুর ২.৩০টা-রাত ৮টা পর্যন্ত। (শুক্রবার বন্ধ)

আমাদের সেবা সমূহ
এনআইসিইউ • পিআইসিইউ • সেন্ট্রাল অক্সিজেন
• মেডিসিন, হৃদরোগ, কার্ডিওলজি বিভাগ।
• সু-সজ্জিত ও শীতাতপ নিয়ন্ত্রিত কেবিন।
• উন্নতমানের অত্যাধুনিক অপারেশন থিয়েটার।
• ২৪ ঘন্টা প্যাথলজী এবং এক্স-রে সেবা।
• জেনারেল, অর্থোপেডিক্স, নাক-কান গলা, সিজারসহ সকল ধরনের অপারেশন করা হয়।
• প্রসূতি রোগ, নরমাল ডেলিভারী,
• ফার্মেসী সেবা

উপদেষ্টা সম্পাদক ঃ *অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান*, সম্পাদক ও প্রকাশক ঃ *এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া*, নির্বাহী সম্পাদক ঃ *মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী*, যুগ্ম সম্পাদক : *আব্দুস শুকুর মস্তান*, ব্যবস্থাপনা সম্পাদক ঃ *এ্যাডভোকেট শাহজাহান খান*, যুগ্ম বার্তা সম্পাদক ঃ *আদনান আল মুরাদ*, মফস্বল সম্পাদক ঃ *এম এ গফুর*, বিশেষ প্রতিনিধি ঃ *আবু সুফিয়ান ভূইয়া*, আইটি ইনচার্জ ঃ *জি এম এমরান হোসেন* সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
মঙ্গলবার ॥ ১৩ অক্টোবর ২০২৬

সম্পাদকীয়

নিয়োগ পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস
সুষ্ঠু তদন্ত করে কঠোর ব্যবস্থা নিন

দূরদূরান্ত থেকে ঢাকায় এসে পরীক্ষার হলে বসে চাকরিপ্রার্থীরা যখন জানতে পারেন প্রশ্নপত্র ফাঁস হওয়ার কারণে পরীক্ষা স্থগিত হয়েছে, এর চেয়ে দুর্ভাগ্যজনক বিষয় আর কী হতে পারে। যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পদের শনিবারের নিয়োগ পরীক্ষার ক্ষেত্রে এমনটাই ঘটেছে। আমরা মনে করি, এটি সরকারি নিয়োগপ্রক্রিয়ার নিরপেক্ষতা, স্বচ্ছতা, জবাবদিহি ও নির্ভরযোগ্যতাকে প্রশ্নবিদ্ধ করে। কর্মসংস্থানহীন প্রবৃদ্ধি বাংলাদেশের উন্নয়নের অন্যতম বড় সংকট। বেসরকারি খাত অর্থনীতির মূল চালিকা শক্তি হলেও দীর্ঘদিন ধরেই বিনিয়োগ প্রবৃদ্ধি স্থবির হয়ে পড়ায় কর্মসংস্থানের সুযোগ সেভাবে বাড়ছে না। দেশের শ্রমবাজারের কথা চিন্তা না করে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের বিস্তার হওয়ায় শিক্ষিতদের জন্য শোভন চাকরি যেন সোনার হরিণ হয়ে উঠেছে। আইএমএফের ফিন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট ম্যাগাজিনের সেপ্টেম্বর সংস্করণে প্রকাশিত প্রতিবেদনের তথ্য বলছে, বাংলাদেশে প্রতি ১০০ জন শিক্ষিত তরুণের মধ্যে ৩৬ জন বেকার। এ বাস্তবতায় সরকারি চাকরির জন্য তরুণদের স্বপ্ন দেখাটাই স্বাভাবিক। সরকারকে মনে রাখা প্রয়োজন যে চাকরির নিয়োগ পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের মতো অপরাধ হলে তরুণদের স্বপ্নে বড় ধাক্কা লাগে। বাংলাদেশে নিয়োগ পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস, অনিয়ম, দুর্নীতির ঘটনা নতুন নয়।

চাঁদপুরে জেলেদের চাল

স্থানান্তরের সময় গোপন সংবাদের ভিত্তিতে তৎপর হয় উপজেলা প্রশাসন। প্রশাসনের কঠোর অবস্থানের মুখে চালভর্তি গাড়িটি হাজীগঞ্জ থেকে ঘুরিয়ে চাঁদপুর শহরের বিপণীবাগ এলাকায় আনা হয়। সেখানে অভিযান চালিয়ে ৪৯৩০ কেজি (প্রায় ৫ টন) চালসহ মিনি পিকআপটি জব্দ করেন সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট প্রত্যয় হাসেম।

সহকারী কমিশনার (ভূমি) প্রত্যয় হাসেম জানান, জেলেদের জন্য বরাদ্দকৃত চাল লক্ষ্মীপুর ইউনিয়নে পৌঁছানোর কথা থাকলেও তা নিয়মবহির্ভূতভাবে অন্যত্র বিক্রি করা হয়েছিল। এ ঘটনায় তিন সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত সাপেক্ষে প্রকৃত দোষীদের চিহ্নিত করে কঠোর আইনি ব্যবস্থা নেওয়া হবে। জব্দকৃত চালগুলো পরবর্তীতে নিয়মতান্ত্রিক প্রক্রিয়ায় কেন্দ্রীয় খাদ্য সংরক্ষণাগারে (সিএসডি গোডাউন) পুনরায় সংরক্ষণ করা হয়েছে।

৮ অক্টোবর থেকে ২৯ অক্টোবর ২২ দিন মা ইলিশ রক্ষায় নিবন্ধিত জেলেদের মাঝে চাল বরাদ্দ দেয় সরকার। সেই আলোকে সদর উপজেলার লক্ষ্মীপুর মডেল ইউনিয়নের ৪ হাজার ৯৭০ জেলের জন্য বরাদ্দ হয় ১১ দশমিক ২৫ মেট্রিক টন। কিন্তু ওই চাল নির্দিষ্ট তারিখের মধ্যে বিতরণ হয়নি।

চাল বিতরণ না হওয়ার তথ্য নিশ্চিত করেন সদর উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা মো. মিজানুর রহমান।

চাঁদপুর সদর উপজেলা সহকারী কমিশনার ভূমি ও নির্বাহী ম্যাজিস্ট্রেট প্রত্যয় হাশেম অভিযান সম্পর্কে বলেন, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তার কাছ থেকে তথ্য পাই জেলেদের বরাদ্দ চার জেলার বাহিরে যাচ্ছে। ওই চাল খুঁজে এবং অভিযান করে আটক করি। সেই আলোকে অভিযান করে সর্বশেষ শহরের বিপনীবাগ থেকে পিকআপসহ চাল জব্দ করতে সক্ষম হয়েছি।

তিনি জানান, তার কাছে মেসেজ এসেছে এই চাল লক্ষ্মীপুর মডেল ইউনিয়নের জেলেদের জন্য বরাদ্দকৃত। এই কাজে একজন প্রশাসনিক কর্মকর্তা জড়িত। বিষয়টি তদন্ত করার জন্য তিন সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। ওই কমিটি নির্দিষ্ট সময়ের মধ্যে ঘটনার প্রতিবেদন জমা দেবে।

সরকারি এই চাল কীভাবে নির্ধারিত গন্তব্যে না পৌঁছে পাচারের উদ্দেশ্যে ভিন্ন স্থানে নেওয়া হলো, তা তদন্তের মাধ্যমে খুব শীঘ্রই উদঘাটিত হবে বলে সংশ্লিষ্ট মহল আশা প্রকাশ করেছে।

৪৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে

সহসভাপতি সারোয়ার গাজী, মো. মোস্তফা বন্ধুকসী, শাহাজাহান কবির খোকা ও সামীম জমাদার, যুগ্ম সাধারণ সম্পাদক পারভেজ আলম রবিন ও সাইফুর রহমান জাকির, সহসাধারণ সম্পাদক জসিম মাতব্বর, সোহেল গাজী ও আব্দুল মান্নান খান কাজল, সহ-দপ্তর সম্পাদক ইউসুফ মিয়াজীসহ জেলা, সদর ও পৌর যুবদলের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

সভায় প্রতিষ্ঠাবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন, কর্মসূচি বাস্তবায়নের প্রস্তুতি, নেতাকর্মীদের অংশগ্রহণ এবং সাংগঠনিক কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এ সময় নেতারা বলেন, দেশের গণতান্ত্রিক আন্দোলন-সংগ্রামে যুবদল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। সংগঠনের সাংগঠনিক ভিত্তি আরও মজবুত করতে নেতাকর্মীদের সক্রিয় অংশগ্রহণ, পারস্পরিক সহযোগিতা ও ঐক্যের বিকল্প নেই।

চাঁদপুরে ইয়াবা সেবন

টাকা অর্থদণ্ড প্রদান করেন। অভিযানে প্রসিকিউশন পরিচালনা করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মু. মিজানুর রহমান।

কচুয়া বিপুল পরিমাণ ইয়াবাসহ

পারুল বেগমকে গ্রেফতার করা হয়।



থানা সূত্রে জানা যায়, রাত আড়াইটার সময় উপজেলার কচুয়া উত্তর ইউনিয়নের নোয়াদ্দা মজুমদার বাড়ির প্রবাসী সোহাগ হোসেনের স্ত্রী পারুল বেগমের ঘর থেকে ২০০ পিসি ইয়াবা উদ্ধার করা হয়। তার তথ্য অনুযায়ী পাশে তার দেবর ফরহাদ হোসেনের ঘরের ওয়ারড্রব থেকে আরো ২৭০ পিস ইয়াবা উদ্ধার করা হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে ফরহাদ ও তার স্ত্রী রিমা বেগম পালিয়ে যায়। এ ঘটনায় পারুল বেগম, তার দেবর ফরহাদ ও স্ত্রী রিমা বেগমের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়।

কচুয়া থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ আজিজুল ইসলাম জানান, গ্রেফতারকৃত পারুল বেগমকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলায় চাঁদপুরের বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে। মাদকের বিরুদ্ধে অভিযান অব্যাহত রয়েছে।

মাদক সেবনের দায়ে

সামছুজ্জামান। দণ্ডপ্রাপ্ত ইউছুফ ওয়ারুক গ্রামের দোপল্লা এলাকার বাসিন্দা। উপজেলা প্রশাসন সূত্রে জানা গেছে, অভিযানে মাদক সেবনের দায়ে ইউছুফকে আটক করা হয়। পরে তাৎক্ষণিকভাবে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে তাকে ২ মাসের কারাদণ্ড দেয়া হয়।

অভিযানে শাহরাস্তি মডেল থানা পুলিশের সদস্যরা উপস্থিত ছিলেন।

উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সামছুজ্জামান বাসস'কে বলেন, 'মাদকসহ সব ধরনের অপরাধমূলক কর্মকাণ্ডের বিরুদ্ধে উপজেলা প্রশাসনের অভিযান অব্যাহত থাকবে।'

চাঁদপুরে মুরগির খামারে

তাকে মতলব উত্তর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

সাব্বিরের আকস্মিক মৃত্যুর খবরে পরিবার ও স্বজনদের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে।

মতলব উত্তর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মানস বড়ুয়া ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি জানান, আইনি প্রক্রিয়া শেষে মরদেহ পরিবারের কাছে হস্তান্তরের কথা রয়েছে।

চাঁদপুরে এলপিজি সংকট

১২ কেজির প্রতিটি সিলিন্ডার বর্তমানে ২ হাজার ১০০ টাকায় বিক্রি হচ্ছে। আগে এর দাম ছিল ১ হাজার ৭০০ থেকে ১ হাজার ৭৫০ টাকা। বাজারে অত্যন্ত সংকট দেখা দিয়েছে। চাহিদা অনুযায়ী গ্যাস পাচ্ছি না। অন্য কোনো কোম্পানির সিলিন্ডারও আমাদের কাছে নেই।

অন্যদিকে শহরের স্টেডিয়াম রোড এলাকার মেসার্স রাফি ট্রেডার্সের বরকত উল্লাহ শেখ রিপন জানান, তাদের দোকানে বিভিন্ন কোম্পানির গ্যাস রয়েছে। কয়েকটি কোম্পানির গ্যাসের সংকট চলছে। বাজারে পাওয়া যাচ্ছে না। বর্তমানে ১২ কেজির সিলিন্ডার ১ হাজার ৯৫০ টাকা এবং অনেক কোম্পানির সিলিন্ডার ২ হাজার টাকায় বিক্রি হচ্ছে। ৩৩ কেজির সিলিন্ডারের দাম ৫ হাজার ৫০০ টাকা।

ক্রেতা মনির হোসেন জানান, শহরের তুলনায় গ্রামে প্রতি সিলিন্ডারে ২০০ থেকে ৩০০ টাকা বেশি নেওয়া হচ্ছে। দোকানে গ্যাসের কথা বললেই ব্যবসায়ীরা প্রথমে বলেন, গ্যাস নেই। কিন্তু যারা বেশি টাকা দিতে পারেন, তাদের কাছে সিলিন্ডার বিক্রি করা হয়। একদিকে দাম বেড়েছে, অন্যদিকে সংকট-এভাবে চলতে থাকলে পরিস্থিতি কোথায় গিয়ে দাঁড়াবে, তা বলা যাচ্ছে না।

আরেক ক্রেতা আব্দুর রহমান অভিযোগ করেন, দোকানে ১০ থেকে ১৫টি সিলিন্ডার থাকলেও ব্যবসায়ীরা সেগুলো খালি বলে জানান। পরীক্ষা করে দেখতে চাইলে বিক্রি করতে অস্বীকৃতি জানান। গ্যাসের দাম এমনিতেই বেড়েছে, তার ওপর বাজারে পাওয়া যাচ্ছে না। বাধ্য হয়ে বাসায় বৈদ্যুতিক চুলা ব্যবহার করছি।

এ বিষয়ে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চাঁদপুর কার্যালয়ের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান জানান, সরকার নির্ধারিত মূল্যের চেয়ে বেশি দামে এলপিজি বিক্রির সুযোগ নেই। সুনির্দিষ্ট অভিযোগের ভিত্তিতে বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে ব্যবসায়ীদের জরিমানা করা হয়েছে। অতিরিক্ত দামে গ্যাস বিক্রি বন্ধে তাদের অভিযান অব্যাহত রয়েছে।

পাঁচ ধাপের ইউপি নির্বাচন

তৃতীয় ধাপে ২৯ এপ্রিল, চতুর্থ ধাপে ১৩ মে এবং পঞ্চম ধাপে ভোট হবে ২৭ মে।

গত ১৪ সেপ্টেম্বর ইউপি নির্বাচনের সম্ভাব্য সময়সূচী ঘোষণা করেছিল ইসি। ১২ নভেম্বর থেকে সাত ধাপে নির্বাচন করার প্রাথমিক পরিকল্পনার কথা জানিয়েছিল সংস্থাটি। তবে ১৭ সেপ্টেম্বর সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দপ্তরগুলোর সঙ্গে বৈঠকে নভেম্বর ও ডিসেম্বর মাসে নির্বাচন করার অসুবিধার কথা তুলে ধরা হয়। তখন ইসি জানিয়েছিল, আরও আলোচনা করে নির্বাচনের দিনক্ষণ চূড়ান্ত করা হবে।

গত ১৪ সেপ্টেম্বর ইউপি নির্বাচনের সম্ভাব্য সময়সূচী ঘোষণা করেছিল ইসি। ১২ নভেম্বর থেকে সাত ধাপে নির্বাচন করার প্রাথমিক পরিকল্পনার কথা জানিয়েছিল সংস্থাটি। তবে ১৭ সেপ্টেম্বর সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দপ্তরগুলোর সঙ্গে বৈঠকে নভেম্বর ও ডিসেম্বর মাসে নির্বাচন করার অসুবিধার কথা তুলে ধরা হয়। তখন ইসি জানিয়েছিল, আরও আলোচনা করে নির্বাচনের দিনক্ষণ চূড়ান্ত করা হবে।

মেঘনায় জেলেদের ধাওয়া

হয়েছে। নিখোঁজ শটগান উদ্ধারে ঘটনাস্থলে ডুবুরি দল নামানো হয়েছে।

এদিকে, মা ইলিশ সংরক্ষণে চলমান বিশেষ অভিযানে গত ২৪ ঘণ্টায় চাঁদপুরের বিভিন্ন এলাকায় ১৪টি মামলায় ২৮ জেলেকে গ্রেপ্তার করেছে নৌ-পুলিশ ও মৎস্য বিভাগ।

এর মধ্যে চাঁদপুর সদর নৌ-পুলিশের অভিযানে ১৪ জন, মোহনপুর নৌ-পুলিশ ফাঁড়ির অভিযানে ১০ জন এবং অন্যান্য ফাঁড়ির অভিযানে চারজন গ্রেপ্তার হয়েছেন।

অভিযানকালে জেলেদের কাছ থেকে নৌকা, নিষিদ্ধ কারেন্ট জাল ও মা ইলিশ জব্দ করা হয়। জব্দ করা ইলিশ স্থানীয় এতিমখানা ও দুস্থদের মধ্যে বিতরণ করা হয়েছে। অন্যদিকে, অবৈধ কারেন্ট জাল জনসমক্ষে পুড়িয়ে ধ্বংস করা হয়।

চাঁদপুরের ১১ মাদ্রাসা শিক্ষককে

পরিচালনা উপ কমিটির সদস্য ও সর্বোপরি কেন্দ্রসচিবগণ যথাযথ দায়িত্ব পালন না করার কারণে এমনটি ঘটেছে। এজন্য শৃঙ্খলা কমিটির ১২১ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্টদের ২০২৭ সাল পর্যন্ত কেন্দ্র ও বোর্ডের পরীক্ষা সংক্রান্ত সকল দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

চাঁদপুরের যারা শাস্তি পেলেন: মোঃ মিজানুর রহমান, অধ্যক্ষ, বেলচোঁ কারিমাবাদ ফাজিল মাদ্রাসা, হাজীগঞ্জ কেন্দ্রসচিব, মোঃ নোমান, উপাধ্যক্ষ, বেলচোঁ কারিমাবাদ ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা পরীক্ষা পরিচালনা উপ কমিটির সদস্য, মোঃ সেলিম হোসেন, সহকারী শিক্ষক, একই মাদ্রাসা পরীক্ষা পরিচালনা উপ কমিটির সদস্য, মোঃ মাহফুজুর রহমান, বেলচোঁ কারিমাবাদ ফাজিল (ডিগ্রী) মাদ্রাসা কক্ষ পর্যবেক্ষক ও মোঃ শফিকুল ইসলাম, উঁচগা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, হাজীগঞ্জ কক্ষ পর্যবেক্ষক।

চাঁদপুর সদরের বিষ্ণুদী ইসলামিয়া ফাজিল (ডিগ্রী) মাদ্রাসার মোঃ জসিম উদ্দিন, অধ্যক্ষ কেন্দ্রসচিব, আবু জাফর মোঃ মোজাম্মেল হক, সহকারী অধ্যাপক, মোঃ তাফাজ্জল হোসেন, প্রভাষক (আরবি), মোঃ নোমান হোসেন, সহকারী শিক্ষক, মোঃ মনির হোসেন, সহকারী শিক্ষক, মাকছুদা আক্তার, একই মাদ্রাসা ও রাজ রাজেশ্বর মোজাফ্ফরিয়া দাখিল মাদ্রাসার শিক্ষক।

এছাড়া একই অপরাধে সারাদেশের বিভিন্ন কেন্দ্রের আরও ১২৯ জনকে একই শাস্তি দেওয়া হয়েছে। সব মিলিয়ে ১৪০ জন ২০২৭ সাল পর্যন্ত কোনো পাবলিক পরীক্ষার কেন্দ্র সচিব, হল সুপার বা প্রত্যবেক্ষকের দায়িত্ব পালন করতে পারবেন না।



সারা দেশে দুই দিন এলপিজি

সাধারণ সম্পাদক নাসিরুদ্দিন নাসিম অভিযোগ করেন, শুধু ৫টি কোম্পানির হাতে এলপি সিলিন্ডার গ্যাসের বিপণন জিম্মি। তাদের হাত ধরে স্বৈরাচারী কায়দায় এলপি গ্যাসের মূল্য বৃদ্ধির হচ্ছে বলে ক্ষোভ জানান তিনি।

সকলের সহযোগিতায় চাঁদপুরেও

জেলা প্রশাসকআহমেদ জিয়াউর রহমান। তিনি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী চাঁদপুরে যখন এসেছেন, তখন রাজরাজেশ্বর ইউনিয়নের ৪নং ওয়ার্ড দিয়ে চাঁদপুরের ফ্যামিলি কার্ড কার্যক্রম উদ্বোধন করেন। তিনি নিজ হাতে ফ্যামিলি কার্ড উপকার ভোগীদের হাতে তুলেদেন। চাঁদপুরে যারা কাজ করছেন তারা প্রশিক্ষণ নিয়েছেন। এখন জেলার প্রত্যেক উপজেলায় তিনটি ইউনিয়নে কার্যক্রম শুরু হয়েছে। সকলের সহযোগিতায় আমরা এই কাজটি এগিয়ে নিয়ে যাব।

কাজের বর্তমান বিবরণ তুলে ধরেন জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক মো. নজরুল ইসলাম। তিনি বলেন, প্রযুক্তির ব্যবহার করে এই তথ্য সংগ্রহের কার্যক্রম আজকে থেকে শুরু হয়েছে। সফটওয়্যারের মাধ্যমে স্কোর নির্ণয় করবে কোন পরিবার এই ফ্যামিলি কার্ডের আওতায় আসবে। এই তথ্য সংগ্রহের জন্য সকল পরিবারের বাড়িতে যাবে তথ্য সংগ্রহকারীরা।

চাঁদপুরে আরো অংশ নেন চাঁদপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) একরামুল ছিদ্দিক, চাঁদপুর সদর ইউএনও এস এম এন জামিউল হিকমা, চাঁদপুর প্রেস ক্লাব সভাপতি সোহেল রুশদী, সাধারণ সম্পাদক এম এ লতিফ, জেলা সমাজসেবা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ রুহুল আমিন বাশীর, সরকারি শিশু পরিবারের সহকারী পরিচালক মো. নাজিম উদ্দিন, সদর উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহবুব আলম, শহর সমাজসেবা কর্মকর্তা আশিকুল ইসলাম।

প্রথম পর্যায়ে তথ্য সংগ্রহের নির্বাচিত এলাকা হচ্ছে- চাঁদপুর শহরের ১, ২ ও ৭নং ওয়ার্ড। সদর উপজেলার আশিকাটি, লক্ষ্মীপুর মডেল ও শাহমাহমুদপুর ইউনিয়ন। হাইমচর উপজেলার নীলকমল, গাজীপুর ও চরভৈরবী ইউনিয়ন। হাজীগঞ্জ উপজেলার বড়কূল পূর্ব, হাটিলা পূর্ব ও কালচোঁ দক্ষিণ ইউনিয়ন। শাহরাস্তি উপজেলার সূচিপাড়া দক্ষিণ, চিতষী পূর্ব ও রায়শ্রী উত্তর ইউনিয়ন। কুচয়া উপজেলার গোহট দক্ষিণ, সাচার ও গোহট উত্তর ইউনিয়ন। মতলব দক্ষিণ উপজেলার নারায়নপুর, খাদেরগাঁও ও উপাদি দক্ষিণ ইউনিয়ন। মতলব উত্তর উপজেলার ফতেপুর পূর্ব, ফতেপুর পশ্চিম ও গজরা ইউনিয়ন। ফরিদগঞ্জ উপজেলার সুবিদপুর পশ্চিম, গোবিন্দপুর দক্ষিণ ও রূপসা দক্ষিণ ইউনিয়ন। স্ব স্ব উপজেলার সমাজ সেবা কার্যালয় এই তথ্য সংগ্রহের কার্যক্রম বাস্তবায়ন করবে।

স্বচ্ছতা ও জবাবদিহিতার

পরিদর্শনকালে আমি সমবায়ীদের শেখানোর চেষ্টা করি, কিন্তু আপনাদের সমিতিতে এসে নিজেই অনেক কিছু শিখলাম।" ১২ অক্টোবর, সোমবার সকাল ১০টায় চাঁদপুর শহরের ওয়ারলেস বাজারে চান্দ্রা শিক্ষিত বেকার যুব বহুমুখী সমবায় সমিতি লিমিটেডের কার্যক্রম পরিদর্শনকালে এসব কথা বলেন সমবায় অধিদপ্তরের নিবন্ধক ও মহাপরিচালক এবং অতিরিক্ত সচিব মো. সেলিম ফকির, এনডিসি।

পরিদর্শন শেষে সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সঙ্গে মতবিনিময়কালে তিনি সমিতির কার্যক্রমের প্রশংসা করে বলেন, চান্দ্রা সমবায় সমিতির নিজস্ব উদ্যোগে তৈরি সফটওয়্যারটি অত্যন্ত সময়োপযোগী ও স্বচ্ছতানির্ভর। এ ধরনের সফটওয়্যার ব্যবহারের মাধ্যমে শুধু সমবায় সমিতি নয়, বাংলাদেশের যেকোনো গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানও স্বচ্ছতার সঙ্গে পরিচালনা করা সম্ভব বলে তিনি বিশ্বাস করেন।

তিনি আরও বলেন, সমবায় অধিদপ্তরের কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও আন্তরিকতা নিশ্চিত করা গেলে দেশের আমূল পরিবর্তন সম্ভব। কিন্তু আমরা অনেক সময় সামগ্রিক কল্যাণের পরিবর্তে ব্যক্তিস্বার্থকে প্রাধান্য দেই। ফলে মূল লক্ষ্য ও আদর্শ থেকে দূরে সরে যাই। তাই বৃহত্তর স্বার্থকে গুরুত্ব দিয়ে কাজ করতে হবে।

পরিদর্শনকালে সমিতির পক্ষ থেকে সভাপতি মো. জসিম উদ্দিন শেখসহ ব্যবস্থাপনা কমিটির সদস্যরা নিবন্ধক ও মহাপরিচালককে অভ্যর্থনা জানান। এ সময় তিনি সমিতির কার্যক্রম নিয়ে নির্মিত দুটি প্রামাণ্যচিত্র দেখেন এবং চান্দ্রা সফটওয়্যারের লাইভ কার্যক্রম পর্যবেক্ষণ করেন। সফটওয়্যারটির বিভিন্ন দিক নিয়ে তিনি সংশ্লিষ্টদের সঙ্গে বিস্তারিত আলোচনা করেন।

মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন সমবায় অধিদপ্তরের যুগ্ম-নিবন্ধক মো. কামরুজ্জামান, চট্টগ্রাম বিভাগীয় কার্যালয়ের যুগ্ম-নিবন্ধক মো. দুলাল মিয়া এবং চাঁদপুর জেলা সমবায় কর্মকর্তা মো. শাহাবুদ্দিন। সভায় স্বাগত বক্তব্য দেন সমিতির সভাপতি মো. জসিম উদ্দিন শেখ। পবিত্র কুরআন থেকে তিলাওয়াত করেন মোহাম্মদ ইব্রাহিম খলিল । সঞ্চালনায় ছিলেন বি এম হান্নান।

এ সময় সমিতির সহ-সভাপতি সেলিম আহমেদ, সম্পাদক নুরুন নাহার, দেবব্রত সরকার, প্রিয়তোষ চন্দ্র শীল, সুমন চন্দ্র অধিকারী, আশীষ কুমার মজুমদার, মো. মাসুদুর রহমান শেখ, মো. শাহজালাল আল সাফীসহ ব্যবস্থাপনা কমিটির অন্যান্য সদস্য ও কমকর্তাগনগন উপস্থিত ছিলেন।

চাঁদপুরে শারমিন ফিলিং

আবেদন না করেই অবৈধভাবে কেক ও বিস্কুট উৎপাদন, মোড়কজাত এবং বাজারজাত করার দায়ে 'মায়ের দোয়া বেকারী' নামক প্রতিষ্ঠানকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। বিএসটিআই আইন-২০১৮ এর ১৬ ও ৩১ ধারা মোতাবেক এ অর্থদণ্ড দেওয়া হয়।

একই অভিযানে পরিমাপে কারচুপির অপরাধে 'শারমিন ফিলিং স্টেশন' নামক একটি জ্বালানি তেল বিক্রয়কারী প্রতিষ্ঠানকে ৪০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। প্রতিষ্ঠানটিতে পরিমাপ করার সময় দেখা যায়, ১০ লিটার ডিজেলে ৩৪০ মিলিমিটার এবং ১০ লিটার অক্টেনে ৪১০ মিলিমিটার করে তেল কম দেওয়া হচ্ছিল। ফলে 'ওজন এবং পরিমাপ মানদণ্ড আইন-২০১৮' এর ২৯ ও ৪৬ ধারা অনুযায়ী এ জরিমানা আদায় করা হয়। অভিযানটি জেলা প্রশাসকের কার্যালয়ের বিজ্ঞ সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব নাহিদ ইকবাল-এর নেতৃত্বে পরিচালিত হয়।

অভিযানে প্রসিকিউটর হিসেবে উপস্থিত ছিলেন বিএসটিআই আঞ্চলিক কার্যালয়, কুমিল্লা-এর পরিদর্শক (মেট্রোলজি) জনাব মো: শামস তাবরেজ এবং ফিল্ড অফিসার (সিএম) জনাব এস.এম. শাকিল ইউসুফ। বিএসটিআই ও জেলা প্রশাসনের কর্মকর্তারা জানান, ভোক্তা অধিকার রক্ষা ও ভেজাল প্রতিরোধে জনস্বার্থে এ ধরনের মোবাইল কোর্ট অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

হাজীগঞ্জে মাদকবিরোধী অভিযানে

(১২ অক্টোবর) হাজীগঞ্জ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. কাওসার আলম ভূঁইয়া ও পুলিশ পরিদর্শক (তদন্ত) রাজীব শর্মার তত্ত্বাবধানে থানার এসআই নুরুল ইসলাম সঙ্গীয় ফোর্সসহ রাত্রীকালীন কিলো-৬ ডিউটি পালনকালে এ অভিযান পরিচালনা করেন।

এ সময় হাজীগঞ্জ পৌরসভার ৪ নম্বর ওয়ার্ডের মকিমাবাদ এলাকায় দায়ই বাড়ির রফিকের ঘরের সামনে থেকে মো. জহিরুল ইসলাম শাওনকে গ্রেপ্তার করা হয়। তিনি ওই এলাকার কাশেম গাজী বাড়ির হাজী হাবিব উল্যা মোক্তারের ছেলে। পরে তাঁর দখল থেকে ১৫ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে জব্দ করা হয়।

এ ঘটনায় ১২ অক্টোবর ২০২৬ তারিখে হাজীগঞ্জ থানায় মামলা নং-১৮, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) ধারার ১০(ক) উপধারায় মামলা রুজু করা হয়েছে।

পুলিশ জানায়, গ্রেপ্তার ব্যক্তিকে যথাসময়ে বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

ফরিদগঞ্জে দুর্গোৎসবে সম্প্রীতি

সভাপতিত্ব করেন ফরিদগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. মেহেদী হাসান মানিক।

ইসলামিক ফাউন্ডেশনের (ইফা) ফিল্ড সুপারভাইজার মো. আশিকুর রহমানের সঞ্চালনায় সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন উপজেলা সমাজসেবা কর্মকর্তা মাহমুদুল হাসান, বারপাইকা মোল্লা বাড়ি জামে মসজিদের খতিব মাওলানা ইয়াকুব শরীফ, সাহাপুর মোহাম্মদ চৌধুরী গাজী মাদ্রাসার সুপার মাওলানা আবু তাহের, বাংলাদেশ জামায়াতে ইসলামী ফরিদগঞ্জ উপজেলা শাখার সেক্রেটারি মো. সাখাওয়াত হোসেন এবং উপজেলা পূজা উদযাপন পরিষদের সদস্য সচিব প্রবীর চক্রবর্তী।

সভায় উপস্থিত ছিলেন একাডেমিক সুপারভাইজার আব্দুল্লাহ আল মামুন, ইসলামিক ফাউন্ডেশনের উপজেলা শাখার কর্মকর্তাবৃন্দ, স্থানীয় জামায়াতে ইসলামীর নেতৃবৃন্দ, বিভিন্ন জামে মসজিদের ইমাম, খতিব, মাদ্রাসা শিক্ষক এবং আলেম-ওলামাবৃন্দ।

সভায় বক্তারা ধর্মীয় সম্প্রীতির ঐতিহ্য বজায় রাখার অঙ্গীকার ব্যক্ত করে বলেন, "আসন্ন শারদীয় দুর্গোৎসবকে কেন্দ্র করে কোনো অশুভ বা প্রতিক্রিয়াশীল চক্র যেন আমাদের হাজার বছরের সাম্প্রদায়িক সম্প্রীতি বিনষ্ট করতে না পারে, সে বিষয়ে সকলকে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে। বিশেষ করে মসজিদের সম্মানীয় খতিব ও ইমাম সাহেবগণ জুমার খুতবায় ধর্মীয় সম্প্রীতি ও শান্তি বজায় রাখার বিষয়ে সচেতনতামূলক বক্তব্য উপস্থাপন করবেন।"

একই সঙ্গে পূজা উদযাপন কমিটির নেতৃবৃন্দকেও সতর্ক থাকার পরামর্শ দিয়ে বক্তারা বলেন, পূজামণ্ডপগুলোতে নিজস্ব স্বেচ্ছাসেবক টিমের নজরদারি বাড়াতে হবে, যাতে কোনো দুষ্কৃতকারী অপপ্রচারের সুযোগ কিংবা অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটাতে না পারে।

ইউএনও মো. মেহেদী হাসান মানিক বলেন, ফরিদগঞ্জ সবসময়ই ধর্মীয় সম্প্রীতির এক উজ্জ্বল দৃষ্টান্ত। সব ধর্মের মানুষ যাতে নিজ নিজ ধর্মীয় উৎসব নির্দ্বিধায় ও নিরাপদে পালন করতে পারেন, প্রশাসন সে বিষয়ে জিরো টলারেন্স নীতিতে রয়েছে। যেকোনো গুজব বা উসকানিমূলক কর্মকাণ্ড রুখতে পুলিশ ও স্থানীয়দের সমন্বয়ে কড়া নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলা হবে।

মতলব উত্তরে ফ্যামিলি কার্ডের

বিএনপির সহ-সভাপতি গণি তফাদার, উপজেলা যুবদলের যুগ্ম আহ্বায়ক মোশারফ হোসেন মুরাদ, উপজেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক নাছির উদ্দীন মৃধা, উপজেলা ছাত্রদলের সদস্য সচিব জয়নাল পাটোয়ারী পিনু, সাংবাদিক আরাফাত আল-আমিন, কামরুল হাসান রাব্বি, শামীম মিয়াজী প্রমুখ। সভায় ফ্যামিলি কার্ডের তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারগণ উপস্থিত ছিলেন।

এসময় ফ্যামিলি কার্ডের তথ্য সংগ্রহ করতে গিয়ে কোনরকম স্বজন প্রীতি এবং ভুল তথ্য প্রদান না করতে আহ্বান জানানো হয়। এ সময় ফ্যামিলি কার্ড সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন ইউএনও মাহমুদা কুলসুম মনি।

হাইমচরে কন্যা শিশু দিবস

সকাল ৯টায় উপজেলা পরিষদ প্রাঙ্গণে র‌্যালি বের করা হয়। পরে উপজেলা পরিষদ সম্মেলনকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সার্জিয়া আফরিন। প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. নজরুল ইসলাম।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন উপজেলা বিএনপির সিনিয়র যুগ্ম সম্পাদক হারুনুর রশিদ গাজী, উপজেলা একাডেমিক সুপারভাইজার মুহাম্মদ আহসানুল হক এবং হাইমচর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম।

এ সময় উপস্থিত ছিলেন উপজেলা এলজিইডি প্রকৌশলী আশরাফুল হাসান, উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা মাহবুব রশীদ, উপজেলা আনসার-ভিডিপি কর্মকর্তা মো. মাসুদসহ বিভিন্ন পর্যায়ের ব্যক্তিবর্গ।

আলোচনা সভার শুরুতে দুর্গাপুর হাই স্কুল অ্যান্ড কলেজের সপ্তম শ্রেণির শিক্ষার্থী হুমাইয়া জাহান ছোঁয়া দিবসের প্রতিপাদ্য নিয়ে সংগীত পরিবেশন করে। একই প্রতিষ্ঠানের দশম শ্রেণির শিক্ষার্থী মুক্তা আক্তার ইভা দিবস উপলক্ষে তথ্যবহুল বক্তব্য উপস্থাপন করে।

অনুষ্ঠানের শেষপর্যায়ে জাতীয় কন্যাশিশু দিবস উপলক্ষে আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। এ আয়োজনের মধ্য দিয়ে কন্যাশিশুদের প্রতিভা বিকাশ, শিক্ষায় অংশগ্রহণ, নিরাপত্তা নিশ্চিতকরণ এবং সমাজের বিভিন্ন ক্ষেত্রে তাদের এগিয়ে যাওয়ার গুরুত্ব তুলে ধরা হয়।

কচুয়ায় শারদীয় দুর্গাপূজা

নিরাপত্তা, আইনশৃঙ্খলা রক্ষা এবং পূজার সুষ্ঠু আয়োজন নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

সোমবার (১২ অক্টোবর) সকাল ১১টায় কচুয়া উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কচুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অমিত রায়।

সভায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কচুয়া উপজেলা বিএনপির সভাপতি খায়রুল আবেদীন স্বপন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মোহাম্মদ আবু নাছির, কচুয়া থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. আজিজুল ইসলাম, উপজেলা বিএনপির সিনিয়র সহসভাপতি মোহাম্মদ আজিজ উল্লাহ, সাবেক ছাত্রনেতা নুর মোহাম্মদ কচি, শিক্ষা বিষয়ক সমন্বয়ক প্রফেসর ওয়াদুদ মিয়া, উপজেলা বিএনপির উত্তর অঞ্চলের সাধারণ সম্পাদক ইউসুফ মিয়াজী, কচুয়া পল্লী বিদ্যুৎ জোনাল অফিসের কর্মকর্তা মো. তারা মিয়া কচুয়া প্রেসক্লাবের সভাপতি আতাউল করিম কচুয়া উপজেলা যুবদলের সভাপতি হাবিব উন নবী সুমন।

এ ছাড়াও উপস্থিত ছিলেন, উপজেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি ফনি ভূষণ মজুমদার তাপু, সাধারণ সম্পাদক বিকাশ শাহা, সাচার দুর্গাপূজা মন্দির কমিটির পক্ষে বটু কৃষ্ণ, কচুয়া উপজেলা হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি প্রাণদেব ও সাধারণ সম্পাদক প্রিয়তুষ পোদ্দার এবং দারচর দুর্গাপূজা উদযাপন কমিটির সহসভাপতি চন্দ্রনাথসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

সভায় উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিস্টান কল্যাণ ফ্রন্ট ও পূজা উদযাপন ফ্রন্টের উপজেলা পর্যায়ের নেতৃবৃন্দ, স্থানীয় রাজনৈতিক ব্যক্তিবর্গ, আনসার ও ভিডিপির কর্মকর্তা, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, গণমাধ্যমকর্মী এবং উপজেলার বিভিন্ন মন্দিরের প্রতিনিধিরা অংশ নেন।

সভায় আসন্ন শারদীয় দুর্গাপূজা নির্বিঘ্নে উদযাপনের জন্য পূজামণ্ডপগুলোর সার্বিক নিরাপত্তা নিশ্চিত করা, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং সংশ্লিষ্ট সব পক্ষের মধ্যে সমন্বয় জোরদারের বিষয়ে আলোচনা হয়। পাশাপাশি সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রেখে ধর্মীয় উৎসবটি শান্তিপূর্ণ ও আনন্দঘন পরিবেশে সম্পন্ন করার ওপর গুরুত্বারোপ করা হয়।

সভায় অংশগ্রহণকারীরা আশা প্রকাশ করেন, উপজেলা প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, পূজা উদযাপন কমিটি এবং স্থানীয় জনগণের সম্মিলিত উদ্যোগে কচুয়ায় শারদীয় দুর্গাপূজা-২০২৬ শান্তিপূর্ণ ও উৎসবমুখর পরিবেশে উদযাপিত হবে।

শাহরাস্তিতে বিনামূল্যে

আরিফ উল হাসান। হাসপাতাল কর্তৃপক্ষ জানায়, এটি এককালীন কোনো চিকিৎসা ক্যাম্প নয়; বরং দেশের যেকোনো প্রান্ত থেকে আসা রোগীদের জন্য নিয়মিত ও চলমান সেবা কার্যক্রম। প্রতি তিন মাস অন্তর অথবা ১০ জন রোগী নিবন্ধিত হলে অস্ত্রোপচার করা হবে। কর্মসূচির আওতায় বিনামূল্যে অস্ত্রোপচার, হাসপাতালে থাকা, প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা, ওষুধ ও অস্ত্রোপচার-পরবর্তী স্পিচ থেরাপি দেওয়া হবে।

প্রথম সেশনের অস্ত্রোপচার কার্যক্রমের উদ্বোধন করবেন শাহরাস্তি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. আবু নাছের শাকিল এবং হাজীগঞ্জ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. আহমেদ তানভীর হাসান।

অধ্যাপক ডা. মুহাম্মদ কামরুজ্জামানের (এফসিপিএস, এমএস) নেতৃত্বে বিশেষজ্ঞ চিকিৎসক দল ১৪ জন রোগীর অস্ত্রোপচার করবেন।

হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, দেশের যেকোনো স্থান থেকে আসা রোগীরা এ কর্মসূচির আওতায় সম্পূর্ণ বিনামূল্যে চিকিৎসাসেবা পাবেন।

জন্মগত ঠোঁটকাটা ও তালুকাটা সমস্যায় ভোগা রোগীদের চিকিৎসার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে নিয়মিতভাবে এ কার্যক্রম পরিচালিত হবে।

কর্মসূচিটি সফল করতে সর্বস্তরের মানুষের সহযোগিতা ও দোয়া কামনা করেছে হাসপাতাল কর্তৃপক্ষ।

প্রসঙ্গত, ডা. আরিফ উল হাসান এর আগে বড় আকারের টিউমার অপসারণের বিভিন্ন অস্ত্রোপচারের ঘটনায় আলোচনায় আসেন। ২০২৬ সালের এপ্রিল মাসে তিনি এক নারীর পেট থেকে ৮ কেজি ২০০ গ্রাম ওজনের টিউমার এবং জুন মাসে আরেক নারীর পেট থেকে প্রায় ৩ কেজি ওজনের টিউমার অপসারণ করেন। সর্বশেষ শুক্রবার (৭ আগস্ট ২০২৬) শাহরাস্তির একই হাসপাতালে ৩৬ বছর বয়সি এক নারীর পেট থেকে ৪ কেজি ৮০০ গ্রাম ওজনের টিউমার অপসারণ করেন। ওই নারীর পেটে এটি ছিল পঞ্চম অস্ত্রোপচার।

এ ছাড়া ২০২৪ সালে এক রোগীর পায়ুপথে আটকে থাকা একটি ডাব অস্ত্রোপচার ছাড়াই বের করার ঘটনাতেও আলোচনায় আসেন ডা. আরিফ উল হাসান।

মতলব উত্তরে নবাগত ওসির সঙ্গে

বড়ুয়ার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মতলব উত্তর উপজেলা ও ছেংগারচর পৌর শাখার নেতৃবৃন্দ।

সোমবার (১২ অক্টোবর) বিকেলে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এ সময় মতলব উত্তর উপজেলার মাদক, কিশোর গ্যাংসহ বিভিন্ন সামাজিক সমস্যা নিয়ে আলোচনা হয়। পাশাপাশি জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশের বিভিন্ন কার্যক্রমে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন জামায়াত নেতৃবৃন্দ।

সাক্ষাৎকালে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মতলব উত্তর উপজেলা শাখার আমির অধ্যাপক আবুল বাশার দেওয়ান, সেক্রেটারি মো. মেহেদী হাসান নাজির, ছেংগারচর পৌর জামায়াতের আমির এইচ এম রবিউল আলম, সেক্রেটারি শাহজালাল প্রধানসহ উপজেলা ও পৌর শাখার বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

এ সময় এলাকার আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা, মাদক নিয়ন্ত্রণ এবং কিশোর গ্যাংয়ের অপতৎপরতা প্রতিরোধে সম্মিলিত উদ্যোগের ওপর গুরুত্বারোপ করা হয়।

দুর্গাপূজা ঘিরে শাহরাস্তিতে

প্রশাসনের উদ্যোগে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১২ অক্টোবর) উপজেলা পরিষদ মিলনায়তনে সকাল ১০ ঘটিকায় উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মনিরা খাতুনের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপজেলার ১৯টি পূজামণ্ডপে দুর্গাপূজা উদ্যাপন উপলক্ষে সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি, নিরাপত্তা ব্যবস্থা, সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখা এবং পূজা চলাকালে যে কোনো অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি মোকাবিলায় করণীয় বিষয়ে আলোচনা করা হয়।

এবারের দুর্গোৎসব নির্বিঘ্ন করতে পর্যাপ্ত পুলিশ ও আনসার সদস্য মোতায়েন এবং সিসি ক্যামেরার মাধ্যমে পূজামণ্ডপগুলো নজরদারিতে রাখার প্রস্তুতি সম্পন্ন হয়েছে।

হিন্দু ধর্মাবলম্বীদের ঐতিহাসিক ধর্মীয় স্থান শ্রী শ্রী মেহার কালীবাড়ি এ উপজেলায় অবস্থিত। ধর্মীয় ঐতিহ্য ও সম্প্রীতির ধারাবাহিকতা অক্ষুণ্ন রেখে উপজেলার প্রতিটি পূজামণ্ডপে উৎসবমুখর পরিবেশ নিশ্চিত করার ওপর গুরুত্ব দেওয়া হয়। প্রস্তুতিমূলক সভায় উপস্থিত ছিলেন শাহরাস্তি উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শামসুজ্জামান, শাহরাস্তি মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মীর মাহবুবুর রহমান, চাঁদপুর জেলা বিএনপির উপদেষ্টা আক্তার হোসেন পাটওয়ারী, শাহরাস্তি উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ইকবাল হোসেনসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, ইউনিয়ন চেয়ারম্যান, পূজা উদযাপন কমিটির সভাপতি, সাধারণ সম্পাদক বৃন্দ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ পূজা উদ্যাপন পরিষদ শাহরাস্তি উপজেলা শাখার তথ্য অনুযায়ী, এ বছর উপজেলার বিভিন্ন ইউনিয়ন ও পৌর এলাকায় মোট ১৯টি মণ্ডপে শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হবে।

বাংলাদেশ পূজা উদ্যাপন পরিষদ শাহরাস্তি উপজেলা শাখার সভাপতি নিখিল চন্দ্র মজুমদার বলেন, প্রশাসনের সমন্বিত উদ্যোগ, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপরতা এবং সর্বস্তরের মানুষের সহযোগিতায় শাহরাস্তিতে শান্তিপূর্ণভাবে শারদীয় দুর্গোৎসব সম্পন্ন হবে।

চান্দ্রা শিক্ষিত বেকার

শেখ, সহ-সভাপতি সেলিম আহমেদ, দেবব্রত সরকারসহ সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্যরা উপস্থিত ছিলেন।

বৃক্ষরোপণ কর্মসূচি শেষে সমিতির চান্দ্রা কার্যালয়ের মিলনায়তনে ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সঙ্গে মতবিনিময় করেন নিবন্ধক ও মহাপরিচালক মো. সেলিম ফকির। এ সময় তিনি সমবায়ীদের উন্নয়ন, সমবায় কার্যক্রমের সম্প্রসারণ এবং সমিতির কার্যক্রমকে আরও গতিশীল করার বিষয়ে বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন।

সমিতির সভাপতি মো. জসিম উদ্দিন শেখ জানান, পরিবেশের ভারসাম্য রক্ষা ও সবুজায়ন কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে চান্দ্রা শিক্ষিত বেকার যুব বহুমুখী সমবায় সমিতি লিমিটেডের উদ্যোগে চাঁদপুর জেলায় দুই হাজার ফলজ, বনজ ও ভেষজ গাছের চারা বিতরণ করা হবে।

তিনি আরও জানান, বর্তমান সরকারের অগ্রাধিকারমূলক নির্দেশনার আলোকে দেশব্যাপী সবুজ ও পরিবেশবান্ধব বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যেই এ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষরোপণে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে এ ধরনের কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

হাজীগঞ্জে ফ্যামিলি কার্ড

বলেন, সরকারি পরিচয়পত্রধারী তথ্য সংগ্রাহকেরা বাড়ি বাড়ি গিয়ে পরিবারের আর্থসামাজিক তথ্য সংগ্রহ করবেন। এর ভিত্তিতেই সহায়তার অগ্রাধিকার নির্ধারণ করা হবে।

তিনি তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারদের উদ্দ্যেশ্যে বলেন, এটি সরকারের একটি অগ্রাধীকারভিত্তিক প্রকল্প। এই প্রকল্প বাস্তবায়নে নির্ভুল তথ্য সংগ্রহের প্রতি অবশ্যই গুরুত্ব দিতে হবে। কোন অবস্থাতেই অবহেলা বা গাফিলতিজনিত ভুল মেনে নেওয়া হবে না। সমস্যা মনে করলে উর্ধ্বতনদের সহযোগিতা নিতে হবে।

উপজেলা সমাজসেবা কর্মকর্তা মো. শাহাদাত হোসেন বলেন, ফ্যামিলি কার্ডের জন্য কোনো অর্থ লেনদেনের প্রয়োজন নেই। কেউ টাকা দাবি করলে আমাকে অথবা ইউএনও মহোদয় কিংবা জাতীয় জরুরি সেবা নম্বর ১০৯৮- এ অভিযোগ জানাতে পারেন। আমরা অভিযুক্তের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবো।

তিনি আরো বলেন, তথ্য সংগ্রহের সময় যিনি ফ্যামিলি কার্ড পাবেন তার জাতীয় পরিচয়পত্র, একটি মুঠোফোন (মোবাইল) নম্বর, পরিবারের সকল সদস্যের জাতীয় পরিচয়পত্র এবং যাদের পরিচয়পত্র নেই, তাদের জন্মসনদ অবশ্যই থাকতে হবে। তাই, যাদের প্রয়োজনীয় কাগজপত্র নেই, তারা এখনি সংগ্রহে রাখুন।

এসময় আরো বক্তব্য রাখেন, হাজীগঞ্জ প্রেসক্লাবের সাবেক সভাপতি হাসান মাহমুদ, সাধারণ সম্পাদক মেহেদী হাছান পাপ্পু, অর্থ সম্পাদক মোহাম্মদ হাবীব উল্যাহ্’সহ অন্যান্য সরকারি কর্মকর্তা এবং ফ্যামিলি কার্ডের তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজাররা উপস্থিত ছিলেন।

হাজীগঞ্জে শারদীয় দুর্গাপূজা

প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা প্রশাসনের আয়োজন সোমবার (১২ অক্টোবর) দুপুরে অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইবনে আল জায়েদ হোসেন।

তিনি বলেন, দুর্গা উৎসবকে ঘিরে কোনো ধরনের অপ্রীতিকর ঘটনা যাতে না ঘটে সেজন্য সতর্ক থাকতে হবে। প্রতিটি মন্ডপে পুলিশ ও আনসার মোতায়েন, নিয়মিত টহল এবং কন্ট্রোল রুম স্থাপন করা হবে। পাশাপাশি নিজস্ব ব্যবস্থাপনায় সেচ্ছাসেবক রাখতে হবে। এসময় গুজব প্রতিরোধ এবং ভবঘুর বিষয়ে সবাইকে সজাগ থাকার আহ্বান জানান তিনি।

সভায় উপজেলা বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান মনির, পৌর ভারপ্রাপ্ত নির্বাহী কর্মকর্তা মো. সফিকুর রহমানসহ সরকারি অন্যান্য কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান, রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিক ও উপজেলার ২৯টি পুজামণ্ডপের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ উপজেলা ও পৌর পূজা উদযাপন পরিষদের অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

হাজীগঞ্জে শতাধিক ইয়াবাসহ

জানিয়েছে পুলিশ। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন হাজীগঞ্জ পৌরসভার ২নং ওয়ার্ডের বলাখাল বেপারী বাড়ির মৃত রাজুর ছেলে রাব্বী (২৪) এবং উপজেলার ৭ নম্বর পশ্চিম বড়কুল ইউনিয়নের প্রতাপপুর গ্রামের মিজানুর রহমানের ছেলে মেহেরাজ হোসেন (২২)।

পুলিশ সূত্রে জানা গেছে, হাজীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কাওসার আলম ভূঁইয়া ও পুলিশ পরিদর্শক (তদন্ত) রাজীব শর্মার তত্ত্বাবধানে এসআই নূরে আলম সঙ্গীয় পুলিশ সদস্যদের নিয়ে বিশেষ অভিযান পরিচালনা করেন। অভিযানের একপর্যায়ে হাজীগঞ্জ পৌরসভার ২ নম্বর ওয়ার্ডের বলাখাল এলাকায় হরি সাহার মন্দিরের সামনে থেকে রাব্বী ও মেহেরাজকে গ্রেপ্তার করা হয়। এ সময় তাঁদের হেফাজত থেকে ১০০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে জব্দ করা হয়।

এ ঘটনায় পুলিশের পক্ষ থেকে এজাহার দায়েরের পর হাজীগঞ্জ থানায় ১১ অক্টোবর মামলা নম্বর ১৬ রুজু করা হয়েছে। মামলাটি ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) ধারার ১০(ক) উপধারায় করা হয়েছে।

চাঁদপুরে জাতীয় কন্যাশিশু

তাদের নিরাপদ শৈশব, মানসম্মত শিক্ষা, পুষ্টি, স্বাস্থ্যসেবা এবং সমান সুযোগ নিশ্চিত করা আমাদের সবার যৌথ দায়িত্ব। বাল্যবিয়ে একটি কন্যাশিশুর শিক্ষা, স্বপ্ন ও সম্ভাবনাকে চরমভাবে বাধাগ্রস্ত করে। তাই কন্যাশিশুর প্রতি সব ধরনের বৈষম্য দূর করতে এবং বাল্যবিয়ে প্রতিরোধে পরিবার, সমাজ ও প্রশাসনকে সম্মিলিতভাবে কাজ করতে হবে।”

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) নাজমুন নাহারের সভাপতিত্বে এবং কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজের সহকারী শিক্ষক সালমা মহাজাবীনের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) একরামুল সিদ্দিক, জেলা শিক্ষা অফিসার মোহাম্মদ রুহুল্লাহ এবং জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) নাছিমা আক্তার। আলোচনা সভায় বক্তব্য প্রদানকালে বক্তারা কন্যাশিশুর প্রতি সহিংসতা ও বৈষম্য প্রতিরোধ, বাল্যবিয়ে সম্পূর্ণরূপে বন্ধ করা, কন্যাশিশুদের শিক্ষার সমান সুযোগ নিশ্চিতকরণ এবং তাদের মৌলিক অধিকার সম্পর্কে সর্বস্তরে সচেতনতা বৃদ্ধির ওপর বিশেষ গুরুত্বারোপ করেন।

আলোচনা পর্ব শেষে আয়োজিত বিতর্ক প্রতিযোগিতা সহ বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মাঝে পুরস্কার ও সনদপত্র বিতরণ করেন প্রধান অতিথি জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান। অনুষ্ঠানে স্থানীয় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী, প্রশাসনিক কর্মকর্তা এবং সমাজের সুশীল সমাজের প্রতিনিধিবর্গ উপস্থিত ছিলেন।

এইচএসসির ফলাফল আগামী

পরীক্ষায় অংশ নেয়। দেশের ৯ হাজার ৪৩৯টি শিক্ষাপ্রতিষ্ঠানের এসব পরীক্ষার্থীর জন্য সারা দেশে ২ হাজার ৬৯৭টি পরীক্ষাকেন্দ্র নির্ধারণ করা হয়েছিল।

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু হয় গত ২ জুলাই। লিখিত পরীক্ষা শেষ হওয়ার কথা ছিল ৮ আগস্ট। এরপর ১৫ আগস্টের মধ্যে ব্যবহারিক পরীক্ষা সম্পন্ন করার পরিকল্পনা ছিল। তবে প্রাকৃতিক দুর্যোগের কারণে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের কয়েকটি লিখিত পরীক্ষা নির্ধারিত সময়ে আয়োজন করা সম্ভব হয়নি। পরবর্তী সময়ে স্থগিত পরীক্ষাগুলো নেওয়া হলে ৯ সেপ্টেম্বর ওই বোর্ডের লিখিত পরীক্ষা শেষ হয়।

পরীক্ষা শেষ হওয়ার পর এখন ফল প্রকাশের সম্ভাব্য সময় নিয়ে শিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব দেয়া হয়েছে।

রিয়াদ বিমানবন্দরে কার্যক্রম বন্ধের মেয়াদ বাড়াল সৌদি আরব

দিগন্ত ডেস্ক

হুতিদের ধারাবাহিক হামলার পর সৌদি আরবের রাজধানী রিয়াদের কিং খালেদ আন্তর্জাতিক বিমানবন্দরে উড়োজাহাজ চলাচল বন্ধ রাখার সিদ্ধান্ত আরও বাড়ানো হয়েছে। সৌদি আরবের জেনারেল অথরিটি অব সিভিল এভিয়েশন (জিএসিএ) আজ সোমবার এ ঘোষণা দেয়।

কর্তৃপক্ষ জানিয়েছে, বিমানবন্দরের বিভিন্ন স্থাপনা নিরাপদ আছে কি না, তা পুরোপুরি পরীক্ষা করা হচ্ছে। একই সঙ্গে আবার উড়োজাহাজ চলাচল শুরুর জন্য বিমানবন্দর কতটা প্রস্তুত, সেটিও যাচাই করা হচ্ছে।

সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার সমন্বয়ে এই পরীক্ষা চলছে। তবে বিমানবন্দর কবে আবার চালু হবে, সে বিষয়ে নির্দিষ্ট সময় জানায়নি জিএসিএ।

রোববার কিং খালেদ আন্তর্জাতিক বিমানবন্দরে নতুন করে হামলা হয়। জিএসিএর হালনাগাদ তথ্য অনুযায়ী, ওই হামলায় সৌদি আরবে বসবাসরত এক পাকিস্তানি নাগরিক নিহত হন। আহত হন আরও ১১ জন।

আহত ব্যক্তিদের দ্রুত হাসপাতালে নেওয়া হয়। একই সময় বিমানবন্দরের ক্ষয়ক্ষতিও পর্যালোচনা শুরু করে কর্তৃপক্ষ।

ইয়েমেনের আন্তর্জাতিক স্বীকৃত সরকারকে সমর্থনকারী সৌদি নেতৃত্বাধীন জোট জানায়, গতকাল একটি অজ্ঞাত প্রক্ষিপ্ত অস্ত্র কিং খালেদ বিমানবন্দরের টার্মিনাল৪-এ আঘাত হানে। এর পাশাপাশি বিমানবন্দরের কাছে একটি ক্রুজ ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংস করে সৌদি আকাশ প্রতিরক্ষাব্যবস্থা।

শনিবারও একই বিমানবন্দরে প্রাণঘাতী হামলা হয়। জিএসিএর তথ্যমতে, শনিবারের হামলায় ১২ জন নিহত এবং ৩০৯ জন আহত হন।

আজ আলুআরাবিয়া জানায়, শনিবারের হামলায় আহত এক ভারতীয় নাগরিক পরে মারা গেছেন। সৌদি আরবে ভারতীয় দূতাবাস তাঁর মৃত্যুর খবর নিশ্চিত করেছে। এতে শনিবারের হামলায় নিহতের সংখ্যা বেড়ে ১৩ জনে দাঁড়িয়েছে।

সৌদি নেতৃত্বাধীন জোট শনিবারের হামলাকে ‘যুদ্ধাপরাধ’ হিসেবে বর্ণনা করেছে। আন্তর্জাতিক মানবিক আইন মেনে এর কঠোর জবাব দেওয়ার ঘোষণা দিয়েছে তারা।

পরপর এসব হামলার পর বিমানবন্দরের বিভিন্ন স্থাপনার ক্ষয়ক্ষতি পরীক্ষা করছে সৌদি কর্তৃপক্ষ। উড়োজাহাজ চলাচল আবার শুরুর আগে বিমানবন্দর নিরাপদ ও পুরোপুরি প্রস্তুত কি না, তা নিশ্চিত করতেই বর্তমানে কার্যক্রম বন্ধ রাখা হয়েছে।

চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ

CHANDPUR AL-AMIN HOSPITAL

আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইল : ০১৭১২১২৯৩২০

বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাক্তারগণের নাম	বিশেষজ্ঞ	রোগী দেখার সময়
ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন কানের সার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ	প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪ টা হইতে রাত ৮টা
ডাঃ আনোয়ার হোসেন এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), এমপিএইচ(বিএসএমএমইউ) সার্টিফাইড ফেলো কার্ডিওলজী ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ) মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	মেডিসিন নিউরোমেডিসিন হৃদরোগ, বাতজ্বর বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ	প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নুর (কাউছার) এমবিবিএস(সিএমসি), বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস(ইএনটি) জাতীয় নাক, কান, গলা, ইনস্টিটিউট তেজগাও, ঢাকা (এক্স)। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। মোবাইল: ০১৯১৮-০২২৮৪৩ (ব্যক্তিগত)	নাক, কান, গলা, মুখ গহ্বর, ঘাড় ও মাথা ব্যাথা রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন	প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা
ডাঃ মোঃ সাদ্দাম হোসেন তালুকদার এমবিবিএস, বিসিএস(স্বাস্থ্য) এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পজিটি রেসপিরেটরি মেডিসিন) এমএস রেসিডেন্ট থোরাসিক সার্জারী) মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা। জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, এ্যাজমা, হাঁপানী, শ্বাসকষ্ট, যক্ষা ও বক্ষব্যাধি রোগের চিকিৎসক ও থোরাসিক সার্জন	প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ আজমিরা বেগম এমবিবিএস(ঢামেক), বিসিএস(স্বাস্থ্য) এম এস (গাইনী এন্ড অবস্) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। বিএমডিসি রেজিঃ নং- এ-৫৫১৭০	স্ত্রী, প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন	প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত
ডাঃ দ্বীন ইসলাম এমবিবিএস (সিইউ) ডিসিএইচ (ঢাকা শিশু হাসপাতাল) স্পেশাল ট্রেনিং ইন এনআইসিইউ এন্ড পিআইসিইউ সহকারী অধ্যাপক মনোয়ারা সিকদার মেডিকেল কলেজ ও হাসপাতাল	নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	প্রতি রবিঃ থেকে বুধবার।

আমাদের বৈশিষ্ট্য সমূহ
- অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
- আউটডোরে ২৪ ঘন্টা একজন এম.বি.বি.এস ডাক্তারের অবস্থান।
- নরমাল ডেলিভারীর ব্যবস্থা।
- বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
- সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা।
- স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধ।

সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

দিল্লিতে মিছিল করে বিরোধী নেতাদের নিয়ে সুপ্রিম কোর্টে হাজির রাহুল গান্ধী

দিগন্ত ডেস্ক

দিল্লি পুলিশের বাধা এড়িয়ে ভারতের সুপ্রিম কোর্টে পৌঁছে প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে আবেদন দাখিল করলেন রাহুল গান্ধী সহ বিরোধী নেতারা।

প্রধান নির্বাচন কমিশনারের অপসারণ, কথিত ভোট চুরি রোখা ও এসআইআর প্রক্রিয়া বন্ধ করার দাবিতে সুপ্রিম কোর্ট অভিমুখে যাত্রার ডাক দিয়েছিল কংগ্রেসের নেতৃত্বাধীন বিরোধী জোট ইন্ডিয়া ব্লক।

বিরোধী নেতাদের সেই আবেদনে সাড়া দেননি বিচারপতি সূর্য কান্ত। কিন্তু তার প্রতিক্রিয়া কিছুটা ‘উপেক্ষা’ করেই নিজেদের ঘোষিত কর্মসূচিতে অনড় থেকেছে ইন্ডিয়া জোট।

ওই মিছিল আটকানোর চেষ্টা করেছিল পুলিশ, তবে কিছুক্ষণ ধ্বস্তাধ্বস্তির পরে অন্য একটি রাস্তা দিয়ে বিরোধী নেতারা সুপ্রিম কোর্টে পৌঁছান।

নির্ধারিত কর্মসূচির আগে সাংবাদিক সম্মেলন করে একাধিক অভিযোগ তুলেছেন রাহুল গান্ধী, নিশানা করতে ছাড়েননি জ্ঞানেশ কুমার এবং মোদী সরকারকে।

তারপরই পাল্টা সাংবাদিক সম্মেলন করে রাহুল গান্ধীকে কটাক্ষ করেন বিজেপির শিবরাজ সিং চৌহান। তিনি বলেন, “আসামে কংগ্রেসের অবস্থা কী? রাজস্থানে কী হয়েছে? তার আগে হিমাচলে কী হয়েছে? একের পর এক নির্বাচনে হেরে যাওয়া এবং তারপর প্রতিবাদে রাস্তায় নামা এটা কংগ্রেসের নিয়তি হয়ে গিয়েছে।”

তার অভিযোগ, ভোটে হারার ‘দায়’ কংগ্রেস নির্বাচন কমিশনের উপর চাপাচ্ছে। তার কথায়, “আমি আজ কংগ্রেসের মিত্রদের বলতে চাইছি, তাদের হারের কারণ নির্বাচন কমিশন নয়। কংগ্রেসের হারের কারণ তাদের দিশাহীন নেতৃত্ব।”

অন্যদিকে, দিল্লির যন্তর মন্তরে বিক্ষোভে বসার অনুমতি না মেলায় পুলিশের কাছেই বিক্ষোভের দিন স্থির করে দেওয়ার আবেদন জানিয়েছে ‘ককরোচ জনতা পার্টি’ (সিজেপি)। এর জন্য দিল্লি পুলিশকে ২৪ ঘণ্টার সময়ও বেঁধে দিয়েছে তারা।

আর এসবের মাঝেই দিল্লি পুলিশ জানিয়েছে যে যন্তর মন্তর এতদিন প্রতিবাদ কর্মসূচির জন্য পরিচিত ছিল, তা সেখানে আর বিক্ষোভ কর্মসূচি হবে না। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের এক কমিটির সুপারিশের ভিত্তিতে এই সিদ্ধান্ত। তার বদলে রামলীলা ময়দান বুরারি মাঠ, পূর্ব দিল্লির সিবিডি-এই তিনটে স্থান নির্ধারণ করে দেওয়া যাবে। এবার থেকে এই তিন জায়গায় কর্মসূচি পালন করা যাবে।

সরকারের এই নোটিশ প্রকাশ্যে আসার পরই সিজেপির প্রতিষ্ঠাতা অভিজিৎ দীপকে বলেন, “যন্তর মন্তরকে প্রতিবাদ কর্মসূচির স্থলের তালিকা থেকে নরেন্দ্র মোদী সরিয়ে দিয়েছেন। প্রতিবাদ স্থল নিয়ে কোনো সমস্যা ছিল না, তার সমস্যা আসলে প্রতিবাদকে ঘিরে।”

এদিকে, শনিবারের মতো না হলেও সোমবারও দিল্লির নিরাপত্তা ব্যবস্থা ছিল চোখে পড়ার মতো। দিল্লির ছয়টা মেট্রো স্টেশন বন্ধ রাখার কথা ঘোষণা করে মেট্রো কর্তৃপক্ষ। বিভিন্ন জায়গায় প্রচুর পরিমাণে পুলিশ, র‍্যাপিড অ্যাকশান ফোর্স এবং সেন্ট্রাল রিজার্ভ পুলিশ ফোর্স মোতায়েন করা হয়। মিছিল আটকাতে জায়গায় জায়গায় ব্যারিকেডও দেওয়া হয়।

ইন্ডিয়া ব্লকের অভিযান

নির্বাচন কমিশন এবং এসআইআর প্রক্রিয়ার বিরোধিতা জানিয়ে সোমবার দুপুরে শুরু হয় ইন্ডিয়া জোটের কর্মসূচি। কনট প্লেস থেকে সুপ্রিম কোর্ট পর্যন্ত এই অভিযানে যোগ দেন রাহুল গান্ধী, প্রিয়াঙ্কা গান্ধী, মমতা ব্যানার্জী, আরজেডির তেজস্বী ইয়াদভ, সমাজবাদী পার্টির অখিলেশ ইয়াদভ, তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী রেবন্ত রেড্ডি-সহ ইন্ডিয়া জোটে সামিল দলগুলোর শীর্ষ নেতৃত্বদের মধ্যে অনেকেই। কংগ্রেস এবং অন্যান্য শরিক দলের সদস্যরাও সামিল ছিলেন।ছিলেন অল ইন্ডিয়া স্টুডেন্টস অ্যাসোসিয়েশনের নেহা বোরাও।

পশ্চিমবঙ্গের সাবেক মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বলেন, “আমরা ন্যায় বিচার চাইছি, অন্য কিছু নয়। এটা মানুষের জন্য, মানবজাতির জন্য এবং ন্যায় বিচারের জন্য।”

সমাজবাদী পার্টির মহিবুল্লাহ নদভী বলেন, “এই লড়াই সাধারণ মানুষের এবং এটা চলবে।”

কংগ্রেস নেতা শচীন পাইলট বলেছেন, “গোটা দেশ রাস্তায় নেমেছে এবং রাহুল গান্ধী ও মল্লিকার্জুন খাড়গের নেতৃত্বে ইন্ডিয়া ব্লকের কর্মীরা একটাই দাবি নিয়ে সমবেত হয়েছেন- সুপ্রিম কোর্ট যেন তাদের কথা শোনে।”

ইন্ডিয়া জোটের শরিকদের বহু সমর্থক এই কর্মসূচিতে অংশগ্রহণ করেন। কংগ্রেসের এক সমর্থক বিবিসিকে বলেন, “সংবিধানকে রক্ষা করার জন্য আমরা সবকিছু করতে রাজি আছি।”

কর্মসূচিতে বহু তরুণ-তরুণীও সামিল ছিলেন। এক তরুণী বিবিসিকে বলেন, “বাড়িতে জানিয়ে এসেছি যে প্রতিবাদ কর্মসূচিতে যোগ দেব। তারাও একে সমর্থন করেন।”

কনট প্লেস ও মান্ডি হাউসের মধ্যবর্তী রাস্তায় বিক্ষোভকারীদের ভিড় ছিল। মাঝ পথে রাহুল গান্ধী ও ইন্ডিয়া জোটের নেতাদের বাধা দেয় পুলিশ।

প্রধান বিচারপতির ‘না’

ইন্ডিয়া ব্লকের তরফে সোমবার সাক্ষাতের জন্য সময় চাওয়া হলেও তা যে সম্ভব নয় তা জানিয়ে দিয়েছিলেন প্রধান বিচারপতি সূর্য কান্ত।

তিনি সোমবার সাংবাদিকদের বলেছেন, “আমি গতকাল ওদের (বিরোধীদের) চিঠি পেয়েছি। গতকাল রাতেই আমি তাদের জবাব দিয়েছি। এমন কিছু কারণ জানিয়েছি যার ভিত্তিতে আমি আমার অক্ষমতা (সাক্ষাৎ না করার কথা ইঙ্গিত করে) প্রকাশ করে বলেছি যে আমি দেখা করতে পারব না।”

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে রোববার জানিয়েছিলেন, তিনি এবং লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী প্রধান বিচারপতি সূর্য কান্তকে চিঠি লিখে তার সঙ্গে দেখা করার জন্য সময় চেয়েছেন। ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) সংক্রান্ত অভিযোগ, জ্ঞানেশ কুমারের ভূমিকা নিয়ে উদ্বেগ প্রকাশ করতেই সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতির সঙ্গে সাক্ষাৎ করতে চেয়েছিলেন বিরোধী দলগুলোর নেতারা।

যে কোনো নাগরিক বা নির্বাচিত প্রতিনিধি আদালতের দ্বারস্থ হয়ে আইনি সহায়তা চাইতে পারেন বলে জানিয়েছেন প্রধান বিচারপতি।

তার কথায়, “সুপ্রিম কোর্টের দরজা সবার জন্য উন্মুক্ত। যে কোনো সাধারণ নাগরিক বা নির্বাচিত সদস্যের কাছ থেকে যে কোনো আবেদনকে স্বাগত জানানো হয়। প্রত্যেক ভারতীয় নাগরিকের আদালতের দ্বারস্থ হওয়ার অধিকার রয়েছে, আমরা তাদের উদ্বেগ শুনব এবং আইনের অধীনে যা প্রাপ্য তা মঞ্জুর করব।”

কংগ্রেস প্রধান বিচারপতি সূর্য কান্তের জবাব এক্স হ্যান্ডেলে পোস্ট করেছে।

সেখানে প্রধান বিচারপতি জানিয়েছেন যে সুপ্রিম কোর্টের কাছে এই ধরনের পদক্ষেপ শিষ্টাচার এবং প্রতিষ্ঠিত ঐতিহ্যের সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ। তিনি স্পষ্ট করেছেন যে সংবিধান অনুযায়ী, বিরোধী নেতাদের চিঠিতে যে বিষয়গুলোর উল্লেখ রয়েছে তার উপর প্রশাসনিক ব্যবস্থা নেওয়ার ক্ষমতা সুপ্রিম কোর্টের নেই।

তবে প্রধান বিচারপতি বলেছেন যে, সংবিধানের ৩২ নং অনুচ্ছেদ এবং বিচার বিভাগীয় পর্যালোচনার মতো ক্ষমতার অধীনে সুপ্রিম কোর্ট নাগরিকদের অধিকার-সম্পর্কিত বিষয়গুলো শুনতে ও নিষ্পত্তি করতে বাধ্য।

সিজেপির ২৪ ঘণ্টার সময়সীমা

সিজেপি-র অফিসিয়াল এক্স হ্যান্ডেল থেকে সোমবার জানানো হয় দলের সহ-আহ্বায়ক আশুতোষ রাঙ্কা, সৌরভ দাস এবং রত্না সিং দিল্লির পার্লামেন্ট স্ট্রিট থানায় যাবেন।

সেই অনুযায়ী, যন্তর মন্তরে বিক্ষোভ করার অনুমতি চাইতে পার্লামেন্ট স্ট্রিট থানায় পৌঁছান সিজেপি নেতা আশুতোষ রাঙ্কা এবং অন্যান্যরা।

সেই সময় সাংবাদিকদের মি. রাঙ্কা বলেন, “আমরা দিল্লি পুলিশকে জিজ্ঞাসা করতে যাচ্ছি যে আমরা কখন যন্তর মন্তরে বিক্ষোভ করতে পারি। আমরা আশা করি পুলিশ আমাদের একটা দিন (স্থির করে) জানাবে। যদি তারা সেটা করে তাহলে আমরা ২৪ ঘণ্টার মধ্যে নির্ধারিত বিক্ষোভস্থলে জড়ো হব।”

বিক্ষোভ কর্মসূচিতে অনুমতি জানাতে সমস্যা কোথায় সে বিষয়ে পাল্টা প্রশ্ন করেছেন তিনি। তার কথায়, “একটা নির্ধারিত স্থানে বিক্ষোভ করতে সমস্যাটা কোথায়? দিল্লি পুলিশের উচিত আমাদের সঙ্গে কথা বলা। পুলিশ যেভাবে পুরো শহরকে অচল করে দিচ্ছে, তাতে মানুষের প্রচণ্ড অসুবিধায় পড়তে হচ্ছে।”

“ব্যবসায়ীরা সমস্যায় পড়ছেন, দোকানপাট বন্ধ হয়ে যাচ্ছে, আর এখন উৎসবের মরসুম। সুতরাং, একটা নির্ধারিত স্থানে বিক্ষোভ করতে সমস্যাটা কী হতে পারে?”

সিজেপি-র সহ-প্রতিষ্ঠাতা সৌরভ দাস বলেন, “শান্তিপূর্ণ প্রতিবাদ জানানোটা একটা অধিকার/সাংবিধানিক অধিকার, এবং মানুষ ইতিমধ্যেই তা প্রয়োগ করছে। মানুষ শান্তিপূর্ণভাবে প্রতিবাদ করবে।”

“পুলিশ সবসময় অভিযোগ করে যে আমাদের ১০ দিন আগে তাদের কাছে যেতে হবে। আমরা এখন সিদ্ধান্তটা তাদের ওপরই ছেড়ে দিচ্ছি এবং তাদের নির্দিষ্ট তারিখ ও সময় জানাতে বলছি। তবে, আমরা তাদের বিষয়টা ঝুলিয়ে রাখতে দেব না। আমরা তাদের ২৪ ঘণ্টার আল্টিমেটাম দেব/দেখা যাক।”

এর ঠিক একদিন আগে, অর্থাৎ রোববার সিজেপি প্রতিষ্ঠাতা অভিজিৎ দীপকে ও তার আরও দুই সহযোগী পুলিশি হেফাজত থেকে মুক্তি পান। শনিবার বিমান অবতরণের পরপরই এই তিনজনকে হেফাজতে নিয়েছিল পুলিশ। বিক্ষোভে সামিল হওয়ার জন্য আসছিলেন তারা।

এই তিনজন-সহ অন্যান্য বিক্ষোভকারী, বাম ও অন্যান্য বিরোধীদলের সমর্থক এমন কী সাংবাদিকদের আটক করা নিয়েও সমালোচনার মুখে পড়তে হয়েছে পুলিশ-প্রশাসনকে।

‘দিল্লিকে জেলে পরিণত করা হয়েছে’

এদিকে, মিছিলের আগে সোমবার দুপুরে রাহুল গান্ধী সংবাদ সম্মেলন করেন। গত কয়েকদিনে পুলিশি ধর-পাকড়, মারধরের অভিযোগ, বিক্ষোভকারীদের বাধা দেওয়া, প্রতিবাদে সামিল হওয়া অবস্থায় আটক করা, দিল্লিগামী ট্রেন বাতিল-সহ একাধিক বিষয় নিয়ে কেন্দ্র সরকারকে কটাক্ষ করেন তিনি।

রাহুল গান্ধী বলেছেন, “ভোট চুরির প্রতিবাদে দিল্লিতে অনেক দিন ধরেই বিক্ষোভ চলছে, কিন্তু প্রশ্ন হলো দিল্লিকে কেন জেলে পরিণত করা হয়েছে? শহরে লোকজনকে ঢুকতে দেওয়া হচ্ছে না, ট্রেন-বাস আটকে দেওয়া হচ্ছে এবং দিল্লিকে দুর্গে পরিণত করা হয়েছে।”

তিনি বলেন, “সরকার একটা বড় ভুল করছে, কারণ আমরা দেশকে দেখাতে চাই যে মোদী জ্ঞানেশ কুমারকে রক্ষা করছেন। তিনি যত বেশি নিরাপত্তা পাবেন, শেষ পর্যন্ত তার নিয়ন্ত্রকের কাছে পৌঁছানোটা আমাদের জন্য তত সহজ হয়ে যাবে।”

“আমরা খবর পাচ্ছি যে পুলিশকর্মীরা ক্ষুব্ধ, কারণ তাদের যুবকদের মারধর করার নির্দেশ দেওয়া হচ্ছে, অথচ আরএসএস সদস্যদের অবাধ স্বাধীনতা দেওয়া হচ্ছে।”

জ্ঞানেশ কুমারের অপসারণের প্রসঙ্গেও একাধিক মন্তব্য করেছেন তিনি। সাংবাদিক সম্মেলনে রাহুল গান্ধীকে বলতে শোনা গিয়েছে, “প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার কেন পদত্যাগ করছেন না? বিরোধী নেতাদের আটক করা হয়েছিল। এমনটা হচ্ছে কারণ আমরা সেই একই প্রশ্ন করছি যা দু’জন নির্বাচন কমিশনার করেছিলেন।”

“আমরা জানি জ্ঞানেশ কুমার রাতে ঘুমাতে পারেননি। প্রধান নির্বাচন কমিশনার হিসেবে আপনি রেহাই পাবেন না। এই লক্ষ লক্ষ মানুষ আপনাকে প্রশ্ন করছে এবং তারা থামবে না।”

শনিবার থেকে যে বিক্ষোভ দেখা গিয়েছে তার উদ্দেশ্য একটাই একথা জানিয়ে তিনি বলেছেন, এখানে “কোনো সমান্তরাল বিক্ষোভ হচ্ছে না।”

তার কথায়, “আপনি কোন দল বা জোটের (অংশ) তা আমরা দেখি না, এটা একটাই প্রতিবাদ। এখানে কোনো সমান্তরাল প্রতিবাদ নেই।”

সম্মেলন চলাকালীন রাহুল গান্ধী ভিন্নমতাবলম্বী বিক্ষোভকারীদের উপর পুলিশের কথিত বল প্রয়োগের কয়েকটা ভিডিও দেখান।

মেট্রো স্টেশন বন্ধ

শনিবারের মতো না হলেও কড়া নিরাপত্তা রয়েছে দিল্লি ও সংলগ্ন অঞ্চলের অনেকাংশেই। নিরাপত্তাজনিত কারণ দেখিয়ে দিল্লি মেট্রো রেল কর্পোরেশন সোমবার প্রায় ১০ ঘণ্টার জন্য প্যাটেল চক, জনপথ, রাজীব চক, মান্ডি হাউস, সেন্ট্রাল সেক্রেটারিয়েট এবং বারাখাম্বা রোড- এই ছয়টা মেট্রো স্টেশন বন্ধ রাখার কথা ঘোষণা ছিল।

ডিএমআরসি আনুষ্ঠানিক বিবৃতিতে জানানো হয়েছিল, “নিরাপত্তাজনিত কারণে, ২০২৬ সালের ১২ই অক্টোবর সকাল ছয়টা থেকে বিকাল চারটে পর্যন্ত এই মেট্রো স্টেশনগুলির প্রবেশ ও বাহির হওয়ার পথ বন্ধ থাকবে।”

এর ফলে সাধারণ মানুষকে সমস্যার মুখে পড়তে হয় বলেও অভিযোগ উঠেছে।

সাজেক ভ্রমণ কতদিন বন্ধ থাকবে?

দিগন্ত ডেস্ক

স্থানীয় দু’টি সংগঠনের ডাকা অবরোধকে কেন্দ্র করে বাংলাদেশের রাঙামাটির বাঘাইছড়ি উপজেলার পর্যটনকেন্দ্র সাজেক ভ্যালিতে ভ্রমণ বন্ধ ঘোষণা করেছে জেলা প্রশাসন। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই আদেশ বহাল থাকবে।

সাজেক গণঅধিকার রক্ষা কমিটি ও সাজেক কারবারি অ্যাসোসিয়েশন নামক দু’টো স্থানীয় পাহাড়ি সংগঠনের ডাকে রোববার সকাল থেকে সেখানে অনির্দিষ্টকালের অবরোধ শুরু হয়।

এতে করে সাজেক-দীঘিনালা সড়কে যান চলাচল বন্ধ হয়ে অনেক পর্যটক আটকা পড়েন। যদিও পরে প্রশাসনের সঙ্গে আলোচনা পর রোববার বিকেলেই অবরোধকারীরা তাদের কর্মসূচি প্রত্যাহার করেন।

কিন্তু অবরোধ সরিয়ে নেওয়া সত্ত্বেও অনির্দিষ্টকালের জন্য সাজেক ভ্রমণ বন্ধ ঘোষণা করে প্রশাসন।

প্রশাসনের ভাষ্য, ‘অনিবার্য কারণবশত’ তারা সাজেক ভ্রমণে নিষেধাজ্ঞা বহাল রেখেছে। যদিও ঠিক কী ধরনের অনিবার্য কারণে নিষেধাজ্ঞা বহাল রাখা হয়েছে, প্রশাসনের কাছ থেকে সেই ব্যাখ্যা পাওয়া যায়নি।

তবে খাগড়াছড়ির বিএনপি দলীয় সংসদ সদস্য আব্দুল ওয়াদুদ ভূঁইয়া বিবিসি বাংলাকে বলেছেন, নিরাপত্তার কথা বিবেচনায় এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কারণ ওই এলাকায় কিছুদিন ধরে অস্থিরতা দেখা যাচ্ছে।

সাজেকে অভিযান পরিচালনা হওয়ার সম্ভাবনা কতটা অবরোধ আহ্বানকারী ওই সংগঠন দু’টির অভিযোগ, পার্বত্য চট্টগ্রামের আঞ্চলিক রাজনৈতিক দল জনসংহতি সমিতি বা জেএসএসের সন্তু লারমা নেতৃত্বাধীন অংশ সাজেক এলাকায় সশস্ত্র তৎপরতা ও চাঁদাবাজি শুরু করেছে এবং স্থানীয় বাসিন্দাদের ভয়ভীতি ও হুমকি দিচ্ছে।

জেএসএসের ‘সশস্ত্র তৎপরতা ও চাঁদাবাজির’ প্রতিবাদেই তারা অবরোধের ডাক দিয়েছিলো এবং প্রশাসনের কাছ থেকে দাবি বাস্তবায়নের আশ্বাস পেয়ে তারা ৪৮ ঘণ্টার জন্য আন্দোলন শিথিল করেছে।

কী ধরনের আশ্বাস, সে বিষয়েও কিছু জানা যায়নি প্রশাসন বা অবরোধ আহ্বানকারীদের কাছ থেকে।

অভিযোগের ব্যাপারে জনসংহতি সমিতির বক্তব্য পাওয়া যায়নি। তবে জনসংহতি সমিতির একজন নেতা একটি জাতীয় দৈনিকে জানিয়েছেন, তাদের বিরুদ্ধে আনা অভিযোগ সঠিক নয়।

এদিকে, খাগড়াছড়ির এমপি আব্দুল ওয়াদুদ ভূঁইয়া বিবিসি বাংলাকে জানিয়েছেন, প্রশাসন তাদেরকে বুঝিয়েছে যে তারা যদি অবরোধ চলমান রাখে, তাহলে যান চলাচল বন্ধ হয়ে জনদুর্ভোগ তৈরি হবে। অবরোধকারীরা খাবার গ্রহণ বন্ধ করে দিয়েছিলো। পরে বিকেলে নিরাপত্তা বাহিনী তাদেরকে খাবার খাওয়ানোরও উদ্যোগ নিয়েছিলো। যদিও আন্দোলনকারীরা খাবার ফিরিয়ে দিয়েছে বলে তথ্য রয়েছে।

সংসদ সদস্য আরও জানিয়েছেন, যে দুই সংগঠন অবরোধ ডেকেছিলো, তাদের প্রতি পার্বত্য চট্টগ্রামের আঞ্চলিক রাজনৈতিক দল ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্টের (ইউপিডিএফ) সমর্থন রয়েছে।

এদিকে, স্থানীয় অনেকের সঙ্গে কথা বলে জানা গেছে, অবরোধ প্রত্যাহারের পরও সাজেক ভ্যালিতে পর্যটকদের প্রবেশ বন্ধ রাখা এবং সেখানে অবস্থানরত পর্যটকদের নির্দিষ্ট সময়ের মাঝে এলাকা ছাড়ার নির্দেশ দেওয়ার পেছনে সম্ভাব্য কোনো অভিযানের প্রস্তুতি থাকতে পারে।

যদিও ওয়াদুদ ভূঁইয়া বলছেন, “যারা জেএসএস-এর বিরুদ্ধে অভিযানের দাবি করছে, তারা নিজেরাও তো সশস্ত্র। একটি সশস্ত্র দলের কথায় আরেকটি সশস্ত্র দলের বিরুদ্ধে অভিযান পরিচালনা করা যায় না।”

আর এখন অভিযান পরিচালনা করলেও সমস্যা আছে, এটা নিয়ে আবার বিভিন্ন নেতিবাচক খবর হবে, যা দেশের ভাবমূর্তির ক্ষেত্রে ভালো হবে না বলে মত আব্দুল ওয়াদুদ ভূঁইয়ার।

অর্থাৎ, কোনো একক দল বা উভয় দলের বিরুদ্ধে অভিযান চালানো হবে কিনা, সে বিষয়ে একেবারে নির্দিষ্ট করে কিছু না বললেও তিনি এ-ও বলেছেন, বাকি সিদ্ধান্ত আইনশৃঙ্খলা বাহিনীর।

তবে আব্দুল ওয়াদুদ ভূঁইয়া জানিয়েছেন, স্থানীয় জনপ্রতিনিধি হিসেবে সংশ্লিষ্টদের সঙ্গে কথা বলে তিনি পরিস্থিতি সম্পর্কে এখন পর্যন্ত যতটুকু জেনেছেন, তাতে এখনই কোনো পক্ষের বিরুদ্ধে অভিযান পরিচালনার বিষয়ে সুনির্দিষ্ট সিদ্ধান্তের কথা জানা যায়নি।

তার ভাষ্য অনুযায়ী, এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার দায়িত্ব নিরাপত্তা বাহিনীর।

সাজেক খুলে দেওয়া হবে কবে?

রোববার সকাল থেকে চলা অবরোধের কারণে সাজেকের বিভিন্ন সড়কে যান চলাচল ব্যাহত হয়। ওইদিন সড়কের বিভিন্ন স্থানে গাছের গুঁড়ি ফেলে ও টায়ার জ্বালিয়ে বিক্ষোভ করেন অবরোধকারীরা।

এতে অনেক পর্যটক আটকা পড়েন। পরে সন্ধ্যার দিকে প্রশাসনের সঙ্গে আলোচনার পর অবরোধ প্রত্যাহার করে নেয় সংগঠন দু’টি। আর এর পরপরই সাজেক ভ্যালি সাময়িকভাবে বন্ধ ঘোষণা করে জেলা প্রশাসন।

রোববার সন্ধ্যায় জারি করা এক জরুরি গণবিজ্ঞপ্তিতে জানানো হয়, সন্ধ্যা ছয়টা থেকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বাঘাইছড়ি উপজেলার সাজেক ভ্যালি পর্যটনকেন্দ্র বন্ধ থাকবে।

রাঙামাটির অতিরিক্ত জেলা প্রশাসক মোহাম্মদ রুহুল আমীন বিবিসি বাংলাকে বলেছেন, “সাজেকে অবস্থানরত পর্যটকদের আগামী ১৩ই অক্টোবর বিকেল ৫টার মধ্যে পর্যটন এলাকা ত্যাগ করে নিরাপদে নিজ নিজ গন্তব্যে ফিরে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।”

একই নির্দেশনা জেলা প্রশাসনের জরুরি গণবিজ্ঞপ্তিতেও উল্লেখ করা হয়েছে।

আজ সোমবার সাজেক রিসোর্ট অ্যান্ড কটেজ ওনার্স অ্যাসোসিয়েশনের সাংগঠনিক সম্পাদক রাহুল চাকমা জনের সাথে বিবিসি বাংলার কথা হয়।

তিনি বলেন, সকালেও প্রায় হাজারখানেক পর্যটক ছিল। বিকেলের মাঝে সাজেক পর্যটকশূন্য হয়ে যাবে।

কবে সাজেক খুলে দেওয়া হবে প্রসঙ্গে তিনি বলেন, “এটা প্রশাসনই বুঝবে আসলে। এটার ঠিক-ঠিকানা নাই। প্রায়ই এভাবে বন্ধ হয়...কখনো ১০ দিন বন্ধ থাকে, কখনো ১৫ দিন, কখনো দুই-তিন দিন।”

“ইউপিডিএফ-জেএসএস’র দ্বন্দ্বের কারণেই এটা বারবার হয়...এটার সুস্থ সমাধান কবে যে হবে...আমরাও হতাশ। আমাদের যখনই ব্যবসার মৌসুমটা আসে, তখন এই সমস্যার সৃষ্টি হয়। আমরা এর সমাধান চাই। কারা কী চাচ্ছে, সবার কথা বিবেচনা করে সরকারও এগিয়ে আসুক,” যোগ করেন তিনি।

এদিকে, সাজেকের পরিস্থিতি কবে স্বাভাবিক হবে জানতে বাঘাইছড়ি উপজেলা নির্বাহী অফিসার এবং পুলিশের বিভিন্ন স্তরের কর্মকর্তাদের সাথে বারবার যোগাযোগ করার চেষ্টা করা হলেও কথা বলা সম্ভব হয়নি।

তবে একই বিষয়ে জানতে রাঙামাটি জেলার জেলা প্রশাসক নাজমা আশরাফীর সঙ্গে যোগাযোগ করা হলে তিনি সংক্ষেপে বিবিসি বাংলাকে বলেছেন, “আমরা লিখেছি অনিবার্যকারণবশত, কোনো নিরাপত্তা ঝুঁকির কথা লিখিনি। যেটা চিঠিতে লিখেছি, সেটাই আমার বক্তব্য।”

“আমি পর্যটনের বিষয়টা দেখি। লোকজন যাতায়াত করছে। লোকজন ভিন্ন জেলা থেকে আসে। আমি আমাদের অংশটুকু নিয়ে বলছি।